Medicare | Health | Small Group | Life | Supplemental

H B Sampat
Licensed Insurance Agent

health markets®

404-234-3680

hsampat@healthmarkets.com

This is an advertisement. HealthMarkets Insurance Agency is the d/b/a, or assumed name, of Insphere Insurance Solutions, Inc. which is licensed as an insurance agency in all 50 states and the District of Columbia. Not all agents are licensed to sell all products. Service and product availability varies by state. HMIA000556

দেবী

অনিরুদ্ধ রায়চৌধুরি, কলকাতা

Scene 1 - Ext/Int - North Kolkata mansion - Day

বনেদী বাড়ীর ঠাকুর দালান। মহালয়া পেরিয়ে গেছে, চারদিকে সাজ সাজ রব। একচালার প্রতিমায় রঙের প্রথম প্রলেপ লাগাচ্ছেন শিল্পী সুনীল পাল, আর তার নাতনী (আট বছরের) খেলাচ্ছলে তাঁকে সাহায্য করছে রঙ গুলো গুলে দিয়ে। অসিতবরন খুঁটিয়ে পরীক্ষা করছে রঙের কাজ।

হন্তদন্ত হয়ে অমিয়রঞ্জন ঢোকে দালানে, পেছনে তাঁর স্ত্রী। হাতে mobile phone টা বেজে ওঠে।

অমিয়ঃ সুনীলদা, হাত চালান, রঙ শুকোতে তো ষষ্ঠী কাবার হবে।

সুনীলদা (না তাকিয়ে) : সবুরে মেওয়া ফলে মহাশয়.....

(চাতাল)
অন্তরাঃ অনিকের ফোন, অনুরা তো প্রায় পৌঁছে গেছে, কি যে হবে!

(সিঁড়ি দিয়ে এগিয়ে আসে)

অমিয় জিজ্ঞাসু চোখে তাকায়, এত tension কেন?

অন্তরাঃ আঠারো বছর বাদে এ বাড়িতে পা ফেলছে ..... তোমার moody বোন, সঙ্গে মেয়ে, যাকে আমরা চোখেও দেখিনি।

অমিয়ঃ কি যে বল, অনু শক্ত মেয়ে, moody মোটেই নয়। একা হাতে ওর মেয়েটাকে মানুষ করেছে, কজন বাঙালী মেয়ে পারবে?

অন্তরাঃ আরে আমার তো চিন্তা ওর মেয়েটাকে নিয়ে - ও দেশে জন্মেছে, বড় হয়েছে। এখানে এই পূজো বাড়িতে কি খাবে, কি পড়বে, ধূপ ধুলো সহ্য হবে কিনা ! আর .... মা-মেয়ে হঠাৎ - দাবি দাওয়ার কথা মনে পড়েছে নাকি!

অমিয়ঃ অবান্তর কথা বোলোনা।

অসিতবরণ তাঁর স্ত্রীকে (দালানের corridor এ দাঁড়িয়ে আছে) ইশারা করে নীচে আসতে।

Main entrance এর বাইরে গাড়ির হর্ণ শোনা যায়।

অমিয়ঃ ওই তো এসে গেছে ওরা ....

সুনীলদার নাতনী জামায় হাত মুছে ঘুরে তাকায়। লাগেজ নিয়ে দালানে ঢোকে অমিয়র ছেলে অনিক, তার পেছনে অনুরাধা ও তার মেয়ে লালী (যাকে দেখে বাঙালী বলে মনে হয় না)।

অনিক বংশীকে ডাকে লাগেজগুলো নিয়ে যেতে। লালী, "আমি .... লালী" বলে হাত বাড়িয়ে দেয়। অনুরাধা তার দাদাকে hug করতে যায়।

অমিয়ঃ অবশেষে .... আগমন হল !

প্রায় কাকতালীয় যোগে দূরে কোথাও উলু ধ্বনি ও শাঁখ বেজে ওঠে। সুনীলদা কাজ বন্ধ করে তাকায় লালীর দিকে। তাঁর নাতনী যেন অজানা ভয়ে জড়সড় হয়ে দাদুর গা ঘেঁষে দাঁড়িয়ে মন্ত্রমুগ্ধের মত লালীকে দেখতে থাকে। বংশী একে একে suitcase গুলো নিয়ে যাচ্ছে। একটা লাল, expensive case, এখনও রয়ে গেছে। অন্তরা notice করে case এর গায়ে লেবেলঃ "Lali Rahman .... Address ...."

অনুরাধাঃ দাদা, লালী কিন্তু ভীষন excited .... ওর জীবনের প্রথম পূজো, প্রথম মামার বাড়ি ....
(কানে কানে) তা বলে বেশী pamper কোরো না।

www.baga.net

Scene 2 - Int - Grandma's bedroom - Day

একটা পুরোনো ধাঁচের বেডুমের দরজা খুলে যায় - ভেতরে পুরোনো teak এর আসবাব four poster bed, একটা family photograph, ইত্যাদি।

অমিয়রঞ্জনের voice over ভেসে আসেঃ তোমার দিদিমা চলে যাওয়ার পর ঘরটা বন্ধই থাকে। আজ তোমার জন্য খোলা হোলো।

লালী ঘুরে ঘুরে সব দেখতে থাকে - খাট, আলনা, আলমারি, দেরাজ - সব কিছুতে যেন এক অসম্পূর্ণ কাহিনীর ছোঁয়া। Balcony র দরজা হাল্কা করে খুলে দেয় লালী, শরতের নরম রোদ তার মুখ আলো করে এগিয়ে যায়। একটা দেরাজ সন্তর্পণে টানে - একটা জীর্ণদশা মোটা খাতা - "আমার রন্ধন প্রণালী" - কনকপ্রভা বসু চৌধুরী।

একটা হাল্কা পায়ের শব্দ একট এগিয়ে এসে থেমে যায়। লালী ঘুরে তাকায় - বাইরে চুপিসারে এসেছে হাতে রঙ মাখা সুনীলদার নাতনী। মুখটা দুষ্টুমি ভরা, যেন কিছু তাল আছে তার। লালী হাত বাড়িয়ে মিষ্টি স্বরে বলে, আমার নাম লালী। বাচ্চাটা হাত বাড়ায় না, মিটি মিটি হাসতে থাকে, তারপর চকিতে বলে ওঠে, আমি হলাম কালি। বলেই দৌড়ে পালিয়ে যায়।

Scene 3 - Ext - Staircase - Day

কালি bannister বেয়ে বিপজ্জনক ভাবে নামছে। বংশী এক তাড়া শাড়ি নিয়ে উঠছে। বংশী হাঁই হাঁই করে ওঠে।

বংশীঃ বাঁদরী, সব্বনাশ ঘটাবি তুই ....

কালি (ভেঙায়) ঃ কচু, আমি কালি/ কলকাত্তাওয়ালি/ খেল দেখাব/ বাজবে তালি।

বংশী শাড়ির গাঁঠিটা তার দিকে ছুঁড়ে মারার ভঙ্গি করে।

www.baga.net

Scene 4 -Int - Amiyo/Antara's bedroom - Day

খাট, single sofa - সব কিছুর ওপর অজস্র শাড়ি ছড়ানো। অন্তরা, অমিয় ও রঞ্জনা কিছু একটা খুঁজছে। অন্তরা খুবই বিরক্ত। অসিতের স্ত্রী রঞ্জনাও একের পর এক শাড়ির প্যাকেট খুলছে।

অন্তরাঃ তুই একবার ওপরের ঘরের আলমারিটা দেখত, তাড়াতাড়ি যা। (রঞ্জনা বেরিয়ে যায়) কোন মানে হয় - কিছুই মাথায় আসছে না। কোথায় রেখেছি - সারা কলকাতা চষে বেরিয়ে পছন্দ করলাম ....

অমিয়ঃ অত সুন্দর সাবেকি শাড়ি - কি যে করো তুমি।

অন্তরাঃ সাবেকি দেখে বাছলুম, কিন্তু ...একটা কথা বলি? লালীর সুটকেসের গায়ে দেখলাম একটা লেবেল সাঁটা - লালী রহমান - ওই সারনেমটা কেন দিল অনু, মেয়ে হওয়ার পর যার বাবা দু বছরও থাকেনি।

অমিয়ঃ After all সিরাজুলের সঙ্গে তো এক সময় গভীর প্রেম ছিল, অনু হয়ত সেটার প্রতি সম্মান রাখতে চেয়েছে। জেদও হতে পারে। মা তো কোন দিন সম্পর্কটা মেনে নেয় নি; অনুও মাকে, মেয়ে হওয়া, ডিভোর্স, কিছুই জানাতেও চায়নি। বেচারি লালী, দিদার শুধু গল্পই শুনলো ....

শাড়ির গাঁঠি নিয়ে বংশী ঢোকা মাত্র অন্তরা প্রায় ঝাঁপিয়ে পড়ে।

অন্তরাঃ ওই তো, বাব্বা! বাঁচলাম!

শাড়ির অর্ধেকটা খুলে ধরে অন্তরা, জিজ্ঞাসু দৃষ্টিতে তাকায় স্বামীর দিকে।

অন্তরাঃ মিস লালী রহমানের .... পছন্দ হবে তো?

(পঞ্চমী)
দূরে কোথাও মৃদু তালে ঢাকে কাঠি পড়তে থাকে।

Scene 4A - Ext - Staircase to rooftop - Late afternoon
(পঞ্চমী বিকেল) --------- (লোহার সিঁড়ি, Bridge)



দু জোড়া পা ধীরে ধীরে সিঁড়ি বেয়ে চলেছে। অনিকের গলা (অফ স্ক্রীন) : এ বছর বাড়িটার বয়স হবে ১৫৭। ঠাম্মার কাছে কত যে story ছিল, এই পাড়াটার, এই বাড়িটার। Now there is nobody to tell those stories!

ওরা ছাতে এসে গেছে।

লালীঃ I wish I met dida .... At least once.

কলকাতার skyline এ সূর্য অস্ত যাচ্ছে।

Scene 5 - EXT - Corridor to courtyard - Night

একটু রাত হয়েছে। দোতলার করিডোর থেকে বাড়িটার ঝরা রূপের লাবণ্য দেখছে লালী। তার চোখ গিয়ে থামে ঠাকুর দালানে। সেখানে এখন সুনীলদা আর তার নাতনী ছাড়া আর কেউই নেই।

নিচে নেমে আসে লালী। সুনীলদা খুবই মনোযোগ দিয়ে তুলি টানছে। আর তার নাতনীও নিজের বানানো একটি মাটির মুখোশের ওপর আঙুল দিয়ে রঙ বুলিয়ে যাচ্ছে।

মেয়েটাকে দেখে মায়া হয় লালীর, তার একরাশ ঝাঁকড়া চুলে আঙুল বোলাতে থাকে লালী। হঠাৎ বাচ্চাটা আঙুল তুলে লালীর গালে একটা পোঁচ লাগিয়ে দেয়। তারপর কুলকুল করে হাসিতে ফেটে পড়ে গড়াগড়ি দিতে থাকে।

Scene 6 - Int - A bedroom - Night

দ্রুতপায়ে ঘরে ঢোকে লালী, আয়নার সামনে দাঁড়ায় - তার গাল থেকে চিবুক অব্দি একটা হাল্কা নীল দাগ। সে আঙুল দিয়ে রঙটা একটু তুলে দেখে, তারপর আয়নায় একটা ফোঁটা দিয়ে দেয়। তাকে খুবই তৃপ্ত দেখায়।

Scene 7 - Ext - The courtyard - Morning

ষষ্ঠীর সকাল, আরতি চলছে। সকলে দালানে। প্রথমে অমিয় ঘুরে তাকায়, তারপর সকলেই - লালী সেই সাবেকি শাড়িটা পড়ে রাজহংসীর মত এগিয়ে আসছে। লালী একটু অস্বস্তিতে পড়ে। হঠাৎ তার খেয়াল হয় সে এক কানে দুল পরতে ভুলে গেছে। ছুটে ওপরে উঠে যায়।

Scene 7A - Ext/Int - Corridor - Day

দিদিমার ঘরের সামনে এসে স্থির হয়ে যায় লালী। ভেতরে দিদার ছবিতে যত্নে মালা পরিয়ে দিতে থাকে অনিক। তারপর একটা ধূপ জ্বেলে প্রণাম করে। তারপর অনিক চোখ খুলে দেখে, পাশে লালীও হাত জোড় করে দাঁড়িয়ে আছে। অনিক হাতটা বাড়িয়ে দেয় আর বলে - happy ষষ্ঠী।

Scene 8 - Int - Night

সেই রাত, লালী শাড়িটা ভাঁজ করে দেরাজে রাখতে গিয়ে সেই খাতাটা আবার দেখতে পায়, বার করে এনে বিছানায় বসে। (গানের প্রথম স্তবক)

খাতাটায় দিদুনের সই করা আছে, আর একের পর এক রেসিপি লেখা আছে .... পাশে ছড়াও লেখা আছে।

Voiceover -

ওলো আমার সই, রাঁধছ তেল কই।
স্বাদ ফেরাতে শেষের পাতে দিও মিষ্টি দই।
খাঁটি তেলটি ঢালিয়া, করো কাতলার কালিয়া।
সবজি যদি সেদ্ধ কর গোটা
তাতে দিও কাঁচা তেলের ফোঁটা।

Scene 8A - Int/Ext - Corridor/ Bedroom - Night

লালীর জানলায় অনিক।

www.baga.net

অনিকঃ কি? এখনো ঘুমোওনি! You are ok তো?

Scene 8B - Ext - Corridor - Night

লালী আর অনিক বারান্দায় .... চাঁদের আলো, nostalgic পরিবেশ, নিঝুম বাড়িতে ওরা দুজন চুপচাপ দাঁড়িয়ে আছে।

লালীঃ Actually, Ma missed didun a lot .....

অনিক ওর দিকে তাকায়। লালীর চোখে চিকচিক করছে জল।
লালীঃ I missed my family too. আমি .... I never had a family!

অনিকঃ অনেক রাত হয়েছে, শুয়ে পড়।

Scene 8C - Ext/Int - Corridor/bedroom - Night

রাত আরও বেড়েছে। লালী ঘরের দিকে ফিরছে। সে নজর করে মায়ের ঘরেও আলো জ্বলছে। জানলার পর্দা সরিয়ে দেখে মা আধশোয়া হয়ে উদাস মুখে অনির্দিষ্ট চোখে তাকিয়ে আছে।

লালীঃ ঘুম আসছেনা, jet lag চলছে?

অনুঃ (লালীর দিকে না তাকিয়ে) - jet lag না সোনা ... স্মৃতির মিছিল তাড়া করছে আমায় ... এখন আর পালাবার পথ নেই। (দীর্ঘশ্বাস) পর্দাটা টেনে দাও।

লালী পর্দাটা টেনে দিয়ে এগিয়ে যায়।

Scene 9 - Montage of shots

(মন্তাজ, পরদিন সকালে) - গানটা চলতে থাকে/ লালী আর অনিক একটা auto-য় চড়ে যাচ্ছে/ চারপাশে সকালের কলকাতা/ তারা বাজারে যায়/ মাছ ওজন করা হয়/সব্জি কেনা হয়/grocery করা হয়।

Scene 9A - Int - Kitchen - Day

লালী খুব মনোযোগ দিয়ে রান্নার আয়োজন করছে। বারবার দিদুনের খাতাটা খুলে দেখছে, অনিক ওকে অনুবাদ করে বুঝিয়ে দিচ্ছে।

Scene 10 - Int - Dining area - Day

ডাইনিং টেবিল, সপ্তমীর লাঞ্চ। একের পর এক খাবারের ঢাকনা সরে যাচ্ছে। অমিয় নাক দিয়ে গন্ধ টেনে নিচ্ছে। একটু দূরে লালী, অনিক। কালি, অন্তরাও আছে। চুল ও চশমা ঠিক করতে করতে অনুরাধা ঢোকে।

অনুঃ বউদি! What have you done! My God!

অন্তরাঃ Surprise! Surprise! আমি কিছুই করিনি। Guess করো কে করেছে।

অনিকঃ লালী।

সকলে অবাক। অনু চাপা একটা গর্ব অনুভব করে।

অনিক লালীর দিকে তাকায়।

লালীঃ রেসিপি কিন্তু দিদুনের।

লালী অমিয়র ভাতের মধ্যে গর্ত করে ডাল ঢেলে দেয় ....

অমিয়ঃ কি আশ্চর্য, একেবারে তোমার দিদার মত করে ডাল দিলে।

(Dissolve)

www.baga.net

(On food shots again) -

Amiyo says: পুরো মা ....মা ফিরে এসেছে আজকে।

অনুর চোখে জল, সকলের মুখে হাসি।

Scene 11 - Ext - Courtyard - Day

সিঁদুর খেলা, প্রতিমা গাড়িতে ওঠানো হয়েছে, ঠাকুর বরণ হচ্ছে।

দশমী, বাড়ির সকলে সামনে দাঁড়িয়ে, লালী আর অনিক পাশাপাশি। অনু সিঁদুর মাখিয়ে দেয় অন্তরা আর রঞ্জনার গালে। তারপর অস্ফুট স্বরে বলে ওঠে, " আসছে বছর আবার আসব ...."

Scene 12 - Int - Bedroom- Day

লালী suitcase এর চেন টানছে। সেঁটে থাকা লেবেলটা অস্পষ্ট দেখা যাচ্ছে - Lali Rahman .... Address .....।

Scene 13 - Int - Staircase - Day

বংশী লাগেজ নিয়ে সিঁড়ি দিয়ে নেমে আসছে।

Scene 14 - Ext - Main entrance - Day

ঠাকুর দালানে সকলে দাঁড়িয়ে, সকলেরই মুখে বিষাদের ছায়া।

অনু আর অন্তরা একসঙ্গে হাঁটছে।
অনুঃ বৌদি ....অভিমানে নিজেকে আহত করেছি, তোমাদেরও আঘাত দিয়েছি। পারলে ....ক্ষমা করে দিও।

লালী সকলের দিকে এগিয়ে আসে। সে প্রথমেই অনিককে হাগ করে, অনিক একটু অপ্রস্তুত হয়ে যায়, তারপর সে একে একে অমিয়, অসিত, রঞ্জনা আর অন্তরাকে প্রণাম করে। এর পর বংশীকেও পা ছুঁইয়ে প্রনাম করে। বংশীর চোখে জল আসে, সে লালীর মাথায় কাঁপা কাঁপা হাত রেখে বলে, আবার এসো মা ....

অমিয় এবার লালীকে তার দিদিমার রেসিপির খাতাটা উপহার দেয়।

অমিয়ঃ এটা .... তোমারই প্রাপ্য। তুমিই এর যোগ্য উত্তরাধিকারী।

লালী আর অনু গাড়ীর দিকে এগিয়ে যায়।

Scene 15 - A corner of the courtyard - Day

বংশীর নাতনী একটা কাগজে মুখোশের মত কিছু একটা মুড়ছে। হটাৎ তার নজরে পড়ে লালী আর তার মা গাড়ির দিকে এগোচ্ছে। বাচ্ছা মেয়েটার যেন প্যানিক এটাক হয়। সে মরিয়া হয়ে দৌড়তে শুরু করে। ছড়িয়ে ছিটিয়ে থাকা লোকদের দঙ্গলকে সরিয়ে দৌড়তে থাকে।

Scene 16 - Ext/Int - Car outside - Day

গাড়ি স্টার্ট দেয় ড্রাইভার, গাড়ি এগোতে থাকে। বংশীর নাতনী পাগলের মত দৌড়চ্ছে - সে পেছনের জানলার কাঁচে এসে পড়েছে, লালী অবাক এবং আশঙ্কিতভাবে তাকায়। শেষ মুহূর্তে কোন মতে বাচ্ছা মেয়েটি কাগজে মোড়া জিনিসটা লালীর হাতে ধরিয়ে দেয়।

গাড়ি এগিয়ে যায়। বংশীর নাতনী বিষন্ন না তৃপ্ত বোঝা যায় না।

গাড়ির ভিতর লালী কাগজের মোড়াটা খলে - জরীর মুকুট পরা লালী - অবিকল দূর্গার মুখের আদলে - শুধু গাল থেকে চিবুক অব্দি একটা হাল্কা নীল দাগ।

www.baga.net

MEMORANDUM

Mrs. Phyllis Chakravorty

Mrs. Phyllis Chakravorty, wife of Dr. Hari Chakravorty, Atlanta resident and a BAGA member, passed away on August 12, 2016. They were married for 47 years and lived in New York before coming to GA. She was very active for many years as a Republican party committee member of Putnam county, New York. Although a born American, she loved & visited India many times, staying at the village home of her husband & donated generously to the local R.N.C. Girls HS school. We cannot fathom the pain the grieving family is going through. It's a great loss not only to the family but also to the BAGA community at large. She will be missed a lot. Please pray for her departed soul - may GOD grant her soul rest in peace.

Contributed by Dr. Hari Chakravorty

Girish Modi

Thank you Girish Modi for your help with photography
— EC 2016

Better Grades & Test Scores Start Here.

Pay only $20 for the C2 Academic Assessment & in-person review of the results* ($120 value)

- ✓ SAT · ACT · PSAT
- ✓ SSAT · ISEE
- ✓ State Testing
- ✓ College Admissions
- ✓ New SAT · New PSAT
- ✓ AP · IB Exams
- ✓ Study Skills
- ✓ Subject Tutoring
- ✓ Homework Help
- ✓ Summer Programs

C2 Hamilton Mill
2463 Hamilton Mill Parkway, Suite 205
Dacula, GA 30019
(770) 614-7708

C2 Lambert
3590 Old Alabama Rd
Suite 202
Suwanee, GA 30024

C2 Johns Creek
3630 Peachtree Parkway, Suite 504
Suwanee, GA 30024
(770) 495-7756

C2 Snellville
1850 Scenic Hwy, 115
Snellville, GA 30078
(770) 978-4350

C2 Medlock Bridge
9775-R Medlock Bridge Road
Duluth, GA 30097
(770) 495-8805

C2 Sugarloaf
6555 Sugarloaf Parkway, Suite 301
Duluth, GA 30097
(678) 417-1300

C2 Old Alabama
3000 Old Alabama Road, Suite 117
Johns Creek, GA 30022
(678) 867-2142

C2 Suwanee
3463 A Lawrenceville Suwanee Rd, #103
Suwanee, GA 30024
(770) 614-3455

C2 education
be smarter.

C2educate.com

*New students only. Participating centers only. Expires 11/30/15. Copyright © 2015 C2 Education. All rights reserved.

ATMAN MEHTA
MEMORIES TO LAST A LIFETIME!
770.450.8019
www.Deals2Travels.com
atman.mehta@CruisePlanners.com
Cruise Planners-Atman Mehta

CRUISE PLANNERS
Your Cruise and Land Specialist

Call today for the best land and cruise packages available and ask for special all-inclusive rates!

Discover your child's true potential.

There is nothing quite like the authentic Montessori Method. This transformative experience leads children to true self-discovery about themselves—and their future. Here, your child will experience:

- Certified Montessori teachers
- Mixed-age classrooms
- Practical, hands-on learning experiences
- Full complement of Montessori equipment

NOW ENROLLING.

Medlock Bridge Montessori School

5815 Medlock Bridge Pkwy. • Johns Creek, GA • 770.623.1965 • **Montessori.com**

This institution is an equal opportunity provider. ©2016 La Petite Academy, Inc. DMU5

montessori unlimited®

Where self-discovery happens.

WE MAKE YOUR SMART KID

EVEN SMARTER

Give your child an academic advantage!

Kumon helps accelerate your child's math and reading skills —from as young as age 3 all the way through high school. Kumon students of every age:

- become more confident, independent self-learners
- master new challenges on their own
- in many cases, study above grade level

FOR AGES 3+

Schedule a FREE Parent Orientation today!

Kumon Math & Reading Center of Johns Creek - South

6000 Medlock Bridge Pkwy, Ste. C-100, Johns Creek, GA 30022

770.623.5959 • kumon.com/johns-creek-south

Instructor Aparna Ravuri wishes the Bengali Community a very happy Durga Puja.

KUMON®

To

BAGA Family

Sharadiya Shubhechha

Alpha Medical

ROSWELL -- ALPHARETTA -- CRABAPPLE -- CUMMING

EMERGENCY APPOINTMENTS

SAME DAY APPOINTMENT / WALK-IN WELCOME

ALPHA MEDICAL

Dhiraj A. Patel M.D. & Associates

BOARD CERTIFIED PHYSICIANS AFF. WITH N. FULTON HOSPITAL

FAMILY PRACTICE -- INTERNAL MEDICINE – GERIATRICS

ALPHARETTA MEDICAL

Professional Park

401 South Main Street, Suite A4
Alpharetta, GA 30009

770-772-4044

medalpha@bellsouth.net

www.alphamedicalonline.com

Accepting:

Most HMO/PPO Plans,
Medicare.Medicaid,
Auto Insurance &
Worker Compensation


GOKUL SWEETS & RESTAURANT
Patel Plaza,1707 Church St,
Ste C-8, Decatur, GA 30033
(678) 974-5656 Fax: (678) 974-5681
763 Dekalb Industrial Way
Decatur, GA 30033
(404) 299-2062 Fax: (404) 299-7184
• AUTHENTIC INDIAN VEGETARIAN DISHES
• SNACKS, CHAAT, FRUIT JUICES & SWEETS
• CATERING SERVICES FOR ALL OCCASIONS
• OPEN 7 DAYS A WEEK
• WE SHIP ALL OVER USA
100% VEGETARIAN
Now Open 3rd location
4315 Abbotts Bridge Road, Suite 3&4
Duluth, GA 30097. (470)268-4444
SHOP ONLINE: www.gokulsweets.com
Indo-Chinese
North-Indian
South-Indian
Gujarati
Snacks
Chaat
Namkeen

Relocation

D.J. Chakraborty

The new apartment felt dismal, but it was all her mother and father could afford. Leila resented the constant moving. She cried in the shower, stopped crying, and gave herself a silent pep talk. She completed her weekly beauty routine of deep conditioning her lustrous, raven hair and placed her books into her backpack and thought about the trigonometry test tomorrow. She was confident, for math had always been her favorite subject. Trigonometry turned out to be easier than geometry. Since she had liked algebra better than geometry, everyone including her parents, teacher, and counselor warned that trigonometry would be too demanding and suggested that Leila better skip math in eleventh grade. She was thankful to ignore their *helpful advice* because trigonometry actually brought it all together and being a star student made this relocation bearable.

She ambled into her brothers' room and hugged them. As always she told them how proud she was admiring their strength and courage. Two-year-old Robby was conceived to provide bone marrow for four-year-old Bobby who suffered from multiple myeloma cancer of the bone marrow. World renowned experts like Dr. Brian M. Durie did not come cheap; furthermore healthcare was not the place to accept lower standards. Treating childhood cancer bore a higher emotional cost than the financial one.

Leila stepped out into the balcony and performed her routine stretches; cheerleading was another passion. Dance was her favorite form of creative expression. Cheerleaders had further responsibilities. A good cheerleader should maintain a proper image, be a role model among fellow students, and properly represent the school on and off campus, during or after school hours. What would happen if they knew her real address at 421 Shady Grove

Apartments – in the shady part of town? Down in the splits, Leila looked out at the sunset. It was the best hour when the sun was pleasant after the scorching heat of the day.

Behind the apartments' grassy hillock stood the church where many of their neighbors flocked on Tuesdays to procure donated food and clothing. Beyond lay the empty parking lot of an abandoned strip mall. Many upstanding citizens were complaining to the city council that empty, dilapidated store spaces were encouraging unsavory activities like drugs. Leila saw a young teenage boy bouncing a rubber ball. He seemed to be playing interactively with someone, but she could not see anyone else.

The next day, Leila walked over to play with him. He was fourteen and attended seventh grade at Woodland Middle School. Leila related that she was a junior at Woodland High School and her name meant *night* in Arabic. His name was Gem; the language and meaning he could not say. Gem was smart; they enjoyed playing and studying together. Math was also his favorite subject. Due to a tragedy he was left back two grades, but hoped to make it up and graduate from high school with honors. He oddly would not visit her home. Gem was very polite and called her *Ma'am* which also sounded odd as their age difference was only two years. His mother would come running and call him home if it got late. Leila's mother felt uncomfortable with the friendship, he could be harmful…

"He is not harmful – unless you are a racist!" Leila cried.

Days passed pleasantly building a friendship; playing, helping each other with homework, not worrying about judgment or illness. All was well, until the accident. Was it an accident? In the middle of playing, Gem suddenly abandoned his favorite ball and ran in front of an oncoming truck. Leila ran behind and pushed him out of the way. Although uninjured they both went to the hospital where Gem's mother came and told Leila that her son's proper name was Gemini meaning *twins*. He had lost his twin brother the day they were born, but the brother still monopolizes his affection. The brother had dragged him into traffic because he was resentful of Gemini's friendship with Leila.

www.baga.net

Sarad Shubhecha...
From our home to yours.
Have a blessed Durga Puja!
From
Shantanu & Debarati Paul Family

দুখিরাম

পরাশর শর্মা, অগাষ্টা

দুখি রামের বড় দুঃখ। মা বাবার দেয়া এই নামটা ধরে আর কেউ ডাকে না। ডাকে কুঁড়ে রাম বলে। যারা ডাকে তাদের দোষ দিয়ে লাভ নেই। দুখিরাম সারা দিন বাড়ির লাগোয়া আটচালায় শুয়ে থাকে আকাশের দিকে চেয়ে। কাজকর্ম কিছু করে না। দুখি রামের বাড়ির অবস্থা একদম খারাপ নয়। বাবার কিছু জমি জায়গা আছে। ভাইগুলো এটা ওটা কাজ করে কিছু রোজগার পাতি করে। দুখিকে শুয়ে থাকতে দেখে ভাইয়েরা বলে - কি রে, সারা দিন শুয়ে আছিস যে ? কিছু কাজকর্ম করতে পারিস না ? আমরা খেটে মরছি।

দুখি বলে, তোরা আমাকে শুয়ে থাকতেই দেখিস। শুয়ে শুয়ে যে তোদের উন্নতির চিন্তা করি সেটা তো দেখিস না।
এই ভাবে চলছিল। একদিন ভাইদের কথা আর সহ্য করতে না পেরে দুখি বাড়ি ছাড়ল। বলে গেল আমার চেয়ে বড় কুঁড়ে যদি দেখতে পাই তবেই বাড়ি ফিরবো।

নিজের গ্রাম থেকে বেরিয়ে পাশের গ্রাম দিয়ে যাবার সময় দুখি দেখল এক ছোকরা একটা লগি নিয়ে আমবাগানের দিকে যাচ্ছে আম পাড়তে। ছোকরা আম না পেড়ে আকাশের দিকে তাকিয়ে মাটিতে বসে একটা বিড়ি ধরাল।

কি আম পাড়বে না ?

কি যে বলেন ? দেখছেন না আকাশে মেঘ উঠেছে। এখুনি ঝড় আসবে। টপাটপ আম পড়বে। আর আমি পটাপট তুলে নেব। কষ্ট করে পাড়তে যাব ? আমি বোকা আছি নাকি ?

আরে তুই তো বেজায় কুঁড়ে। চল আমার সাঙ্গে আমাদের বাড়িতে, দুখি বলল।

www.baga.net

কি যে বলেন? আর একটু এগিয়ে যান আমার মেজদাকে দেখতে পাবেন।

দুখি এগিয়ে গেল। কিছুটা যেতেই দেখল আর এক ছোকরা কপি ক্ষেতের ধারে টেনে ঘুম দিচ্ছে আর দুটো গরু সমানে
কপি খেয়ে যাচ্ছে।

এই তোর সব কপি গরুতে খেয়ে যাচ্ছে। আর তুই পড়ে পড়ে ঘুম দিচ্ছিস।

দাদা আপনি খুব ভাল লোক। কটা কপি গরুতে খেয়েছে ?

সেটা আমি বলব ?

দাদা এই লাঠিটা দিয়ে গরু গুলোকে বার করে এই গাছটাতে একটু বেঁধে দিয়ে যান।

বটে ? আরে তুই তো বেজায় কুঁড়ে। চল আমাদের বাড়িতে। দুখি বলল।

কি যে বলেন ? আর একটু এগিয়ে যান আমার বড়দাকে দেখতে পাবেন।

দুখি আবার এগিয়ে গেল। একটু যেতেই দেখল একটা পুকুরে একটা ছিপ ফেলা। একটা মাছও গেঁথেছে। মাছটার টানাটানিতে ছিপটা এদিক ওদিক নড়াচ ড়া করছে। কাছে পিঠে কাউকে দেখতে পেল না। একটু এদিক ওদিক তাকাতেই দেখল আর এক ছোকরা মুখে গামছা চাপা দিয়ে দিব্যি নাক ডাকছে। পাশে একটা মাটির কলসি।

এই যে, তোর ছিপেতে মাছ গেঁথেছে। আর তুই ঘুমোচ্ছিস।

তাই নাকি ? মাছটা একটু তুলে দিন না দাদা।

বলিস কি রে ?

দিন না দাদা।

দুখি আর কি করে। ছিপটা জল থেকে তুলল।

দাদ্ মাছটাকে এই কলসিতে রেখে একটু জল দিয়ে রেখে যান। আর কলসির চাপাটা একটু ফাঁক করে রাখবেন।
দুখি রাগে গরগর করতে করতে ছোকরা যা বলল তাই করলো।

দাদা এতই যখন করলেন, এবার বঁড়শিতে একটা নতুন টোপ দিয়ে ছিপটা আবার পুকুরে ফেলে দিন। ভগবান আপনার ভাল করবেন।

দুখি আর থাকতে পারলো না। ছোকরা, তুমি বেজায় কুঁড়ে। সংসার পাতি না করলে তোমার কুঁড়েমি যাবে না।
বিয়ে থা করেছ ?

না।

www.baga.net

বিয়ে থা করবে ?

আপনার হাতে পাত্রী আছে নাকি ?

কি রকম পাত্রী তোমার পছন্দ ?

পোয়াতি (প্রেগন্যান্ট)।

কি বললে ?

এই আট ন' মাসের পোয়াতি। বিনা কষ্টে বংশটা রক্ষা হত। বাড়ির বড় ছেলে কিনা ?

শুনেই দুখি পেয়েছি, পেয়েছি বলে বড় ছোকরার হাত ধরে হিড়হিড় করে টানতে টানতে নিজের গ্রামের দিকে পা বাড়াল।

করেন কি ?

চল আমাদের বাড়িতে চল। আমার বাবার জমি জায়গা আছে। থাওয়া পরার কোন অসুবিধা হবে না।

www.baga.net

MASALA

AUTHENTIC INDIAN CUISINE

BANQUET FACILITIES AVAILABLE
CATERING FOR ALL OCCASIONS
WITH FULL SERVICE

Hours: 11:30AM - 10:30PM

1713 Church Street Decatur, GA 30033
Tel: 404-296-9999 Fax: 404-299-3036
www.mirchmasaladecatur.com

All Vegetarian ItemsCooked Seperately

WE SERVE HALAL
حلال
HALAL

LUNCH BUFFET

Mon-Fri: $9.95
Sat & Sun: $10.95
11:30AM-4:30PM

DINNER BUFFET

Mon-Fri: $11.95
Sat & Sun: $12.95
4.30PM-10:00PM

Phone: 770-998-1464
Fax: 770-998-1473
Email: glen.monroe.b9vs@statefarm.com
Web: www.glenmonroe.com

STATE FARM® AGENT

Monroe Insurance Agency Inc.

Glen Monroe

Products Offered
- Auto Insurance
- Home and Property Insurance
- Life Insurance
- Health Insurance
- Banking Products
- Annuities

1875 Old Alabama Road
Unit 310
Roswell, GA 30076-2261

Office Hours: 8:30 to 5:00 M-F
After hours & Saturdays by Appointment

YAJNA PARIVAR

Religious Services

- Anniversaries
- Birthdays
- Business
- Funeral
- House Opening,
- Marriages
- Naming
- Vastu Shanti
- Shanti Havan
- includes Performing Music in Ceremonies



Specialist in Conducting Indian Wedding Ceremonies with full explanation.

Pandit Giri- Call @ 678 665 2301 (c), 770 608 8800 (o), 770 982 6885(h)
Email: yajnaparivar@gmail.com

ENROLL NOW

Private Lessons Online
Ages Available:
Kids/Teens (age 10 - 17)

CLASSES OFFERED:

Visual Art
Computer Graphic
Computer Animation
Architectural Design
Interior Design
Fashion Design
Jewelry Design
Summer Classes
Camps are also available!

www.skaacademy.com
470.545.3202
2645 North Berkeley Lake Road, Building F, Suite 142
Duluth, GA 30096

SKA Academy of Art and Design®
small hands • big impression

Vijaya Collections

Ste 300, 2255 Callaway ct, Cumming GA 30041
Cell # 678 516 4688

Bring you great collection for low prices

Festival Discount Sale on Sarees and Chudidhar, New Stock Arrived in Anarkali Suits, Cotton Kurthi's, Pattu Sarees, Pattu Langas ,Cotton Skirts. Mens & Boys Kurtas and Mens Lenin Shirts

!!!SALE !!! - $12 & up Kurtis

Rahul's Clothing
medawala

Designer Indian Ethnic Wear

*****NEW LOCATION NOW OPEN*****

Beside Suvidha Grocery Store

3495 Peachtree Pkwy #114, Suwanee, Ga 30024

Inside Global Mall

5765 Jimmy Carter Blvd, Suite 104, Norcross, Ga 30071

Dipali Kapadia	Rahul Kapadia	Dharmen Desai
478-262-3499	478-747-9418	478-718-0644

facebook.com/rahulsmedawalausa
Email: rahulclothing71@gmail.com

Sarees, Chaniya Cholis, Lahengas & Dresses

Highglow
22K Gold and Diamond Jewelry
LOS ANGELES
18644-A Pioneer Blvd
Artesia, CA 90701
Tel: 562.402.0112
ATLANTA
1709 Church Street
Decatur, GA 30033
Tel: 404.296.2714
DETROIT
28231 Ford Road
Garden City, MI 48135
Tel: 734 422 6810

কৈলাসের কড়চা

Swapna Gangopadhyay

আমি অঞ্জনা! বহু দিনের কথা ... It was 1993. I just moved to US and Bill Clinton was getting settled in the White House after 12 years of Republican dynasty. Most of the country was delighted with joy seeing the power couple (Bill & Hillary Clinton) in the White House. Some people started saying that Hillary was smarter than Bill and in fact, there was a rumor that Bill was getting ready to run the country with part of Hillary's brain. Well, it was the beginning of a new happy era....Anyway, I remember it was night before দুর্গা পূজা and we were all looking forward to celebrate the Puja in our community hall over the weekend. Moreover, I was in charge of all the ingredients for Puja like ফুল, দুর্বা, চন্দন, etc. It was almost 11:00 PM and I was watching the news on TV. They were talking about Hillary Clinton's initiative on healthcare reform and how much opposition she was facing...All on a sudden, the phone rang and it was my friend Karuna-di on the other end of the phone.

She said, "অঞ্জনা ঘুমাইয়া পরছস"? I said, "না না ঘুমোই নি।"

She said, "কাইলকার কথা ভুলস নাইতো? ফুল, দুর্বা, চন্দন, ওই সকল আনতে ভুলিস না কিন্তু। দুর্বা, দুর্বা আনতে ভুলিসনা কিন্তু। দুর্বা ছাড়া পূজা হইব না। দুর্বা ভুললে কিন্তু সত্যানাস হইয়া যাইবো! এই ইঁট কাঠের রাজ্যে তো দুর্বার বড় অভাব! এতো আমাগো সোনার কইলকাতা না যে বাইরে যাইলেই ভুরি ভুরি দুর্বা মিলব! এ হইল নুঅর্ক, ইঁট কাঠের দ্যাশ। এইখানে মানুষ থাকে? পোড়া কপাল তাই দ্যাশ ছাইরা পরের দ্যাশে পইরা আছি! পূজার সময় কইলকাতার কথা ভাবলেই পরাণটা ফাইটা যায়! ফাফর ফাফর করে ! জায়গ্যে, দুর্বা কিন্তু ভুলিস না।"

I said, "না না করুণাদি, পুজোর জিনিস কি ভুলতে পারি! আপনি কোনো চিন্তা করবেন না ! আমি সব নিয়ে যাব"

We also talked about দুর্গা পূজা, পুজোর বাজার, পারার প্যান্ডেল, ডাকের শব্দ, নতুন সাড়ি, নতুন চটি, পুজোর গান, ইত্যাদি!

While I was talking to her, I was very happy thinking about those stuffs. But, at the end of the phone call I was real sad and felt very homesick. I started missing the actual excitement of Durga Puja and felt very depressed.... I don't know what happened to me. I fell asleep on the sofa and I had a funny dream that I really enjoyed a lot and I would like to share my dream with you today. Hope, you will like it too; and here it goes........

পুজোর মন্ডপটা দারুণ সাজিয়েছেন মদন বাবু! অপূর্ব পুজো করছেন মনোহরণ বাবু! ওনার জোর গলার মন্ত্র আর ব্যাকগ্রাউণ্ডের দুর্গা মার গান শুনতে শুনতে মুগ্ধ হয়ে গিয়েছিলাম!

হটাৎ শুনলাম করুণাদি উচ্চ স্বরে বলছেন, "অঞ্জনা, দুর্বা কই? দুর্বা আনসস? না সাজতে গুজতে গিয়া ভুইলা গেছস?"

www.baga.net

দুর্বা ঘাস খুঁজতে মণ্ডপের পেছনে গিয়ে দেখলাম এক অভাবনীয় দৃশ্য ---- দেখলাম, দেবাদিদেব মহাদেবকে। গায়ে ওনার চোখ ঝলসানো সপ্তরঙে রঞ্জিত হাওয়াইয়ান শার্ট, পরনে ব্যাঘ্রচর্মের শর্টস। কয়েকটা টিভি আর ভিডিও ক্যামেরার সামনে বসে সমানে বলে চলেছেন,

"EarthLink in ... Alien out ...EarthLink in ... Alien out ..."

আমি ভূমিষ্ট হয়ে প্রনাম করে বল্লাম, "হে দেবাদিদেব মহাদেব, আপনি আমার প্রনাম গ্রহণ করুন প্রভু"।

"আশীর্বাদ করি হিলারির মতো স্বনামধন্যা, স্বামীর সন্মান বর্দ্ধনকারিনী নারী হও মা! Stand by your man!", বল্লেন স্বয়ং মহাদেব। Yes, trust me. I am not kidding!!!

প্রথমতঃ, অমন সাজসজ্জা, তার ওপর অমন আশীর্বাদের ধরন দেখে আমি হতচকিত হয়ে নির্বোধের মত বল্লাম, "বাবা কৈলাসের সব কুশল তো"

বাবা বল্লেন, "হ্যাঁ মা, সবই কুশল। তবে ফিল্ড টেস্টিং এর জন্য কৈলাসবাসী বড়ই ব্যস্ত।"

"ফিল্ড টেস্ট? কৈলাসে আবার কি ধরনের ফিল্ড টেস্টিং চলছে বাবা?", জিজ্ঞেস করলাম।

উনি বল্লেন, "ওমা তুমি জানোনা বুঝি? কার্তিক তো গত Summerএ কৈলাসে অভিনব, স্টেট অফ দি আর্ট, অত্যাধুনিক Ultramodern Digital Satellite & Telecom Center উদ্বোধন করে এসেছে। তারই তো ফিল্ড টেস্টিং চলছে মা। তোমাদের এই পুজোটা আমি রিয়েল টাইমে কৈলাসে টেলিকাস্ট করার চেষ্টা করছি। ঐ মনোহরণ বাবু কিন্তু দারুন পুজো করছেন। কে বলবে ভদ্রলোক পুরোহিত নন - ইঞ্জিনিয়ার। আরে, আরে Kailash In .... Alien Out ...Kailash In .... Alien Out ...! দেখো, দেখো মা কৈলাসে পৌঁছে দিয়েছি, আমেরিকার পুজো রিয়েল টাইমে।

সত্যিই তাই । দেখলাম দেবতারা গভীর মনযোগ সহকারে মনোহরণবাবুর পুজো দেখছেন ।

"আজ আমার জীবন সার্থক হলো মা, কার্তিক আমার মুখ উজ্বল করলো। ওর জন্য স্বর্গলোকে আমার সন্মান আরও বৃদ্ধি পেল - ছেলে আমার হিরের টুকরো। এই লিংক ও না বসালে সমস্ত পৃথিবীর সঙ্গে যোগাযোগ রাখতে দেবতারা একদম হিমসিম খাচ্ছিলেন। বিশেষ করে, তোমাদের সঙ্গে ইউ এস এতে যোগাযোগ রাখা একেবারেই অসম্ভব হতে বসেছিল। তোমাদের জীবনের গতির সঙ্গে তাল মিলিয়ে হিসেব নিকেশ রাখতে স্বয়ং চিত্রগুপ্তও খাবি খাচ্ছিলেন। এখন সবাই খুশী, একমাত্র যমরাজ ছাড়া। উনি কিছুতেই কম্পিউটারের সাহায্য নেবেন না। সেই পুরাতন পদ্ধতিতে আজও চালিয়ে যাচ্ছেন আর, তার ফলেই দেখনা কি প্রচন্ড ব্যাকলগ্ হয়ে গিয়েছে। দেখছ না, যেখানে গড় আয়ু ছিল ৫০ বছর, সেটা ৭৫ বছরে গিয়ে দাঁড়িয়েছে।"

হঠাৎ ওনার মোবাইল ফোনটা বেজে উঠলো ।সার্টের পকেট থেকে ফোন বার করে কিছুক্ষণ আলাপের পর আমায় বল্লেন, "ডলি পার্টোনের প্লাস্টিক সার্জেন সামনের মাসে উর্বশীদের অপারেশন করবেন।"

আমি শঙ্কিত হয়ে বল্লাম, "ওনাদের আবার কি বিপদ হলো বাবা? প্রাণের কোন শঙ্কা নেই তো?"

বাবা বল্লেন, "না, না, বিপদ ওদের হয়নি মা, বিপদ হয়েছে স্বর্গলোকের। কেউ আর আজকাল স্বর্গলোকে যেতে চাইছেনা। সবার ধারণা স্বর্গলোক সেকেলে। বিশেষ করে সবাই বলছে, স্বর্গলোকের বড় আকর্ষণ ছিল অপ্সরীরা, তাদেরই বয়স বাড়ছে। রূপের জ্যোতি কমে গিয়েছে। তাই স্বর্গলোক ঢেলে সাজানো হচ্ছে। হাইটেক যন্ত্রপাতি বসানো হচ্ছে। এই নতুন টেলিকম সিস্টেমের মাধ্যমে স্বর্গলোক ২৪ ঘন্টা টিভিতে খবর, খেলাধূলা আর বিশ্ব ব্যাপি স্টক মার্কেটের হেডলাইন চলবে! বিশ্বের শ্রেষ্ঠ প্লাস্টিক সার্জেনদের দিয়ে অপ্সরিদের সর্বাঙ্গ লিফ্ট করানো হবে। খাবারে ফরাসী মেনু বসবে যাতে সবাই স্বর্গবাসটা ভালভাবে উপভোগ করতে পারে। আর মর্ত্যের মানুষ স্বর্গ লাভের জন্য উলুঝুলু করে।"

www.baga.net

একটু থেমে বাবা আবার বল্লেন, "একটা আশ্চর্যের কথা কি জান? ইউ এস এর বাঙালী ছেলেদের কাছ থেকে প্রচুর চিঠি পাচ্ছি। তারা জানতে চাইছেন ইন্দ্রাণী হালদার, অপর্না সেন কোথায় যাবেন? স্বর্গে না নরকে? আরে, সে খবর কি দেওয়া যায়? এসব হল টপ সিক্রেট।"

আবার ফোনটা বেজে উঠলো। কথপোকথন শুনে মনে হল কোন ফ্যাশন ডিজাইনারের সঙ্গে কথা হচ্ছে। আলোচনার বিষয় বস্তু হলো, ফ্যাশন ডিজাইনারের পক্ষে কৈলাসে কাজ করা সম্ভব কিনা। উনি কথা শেষ করে বল্লেন, "এতকাল পরে মনের মত জামা কাপড়ের সন্ধান পেলাম Hawaii তে। প্রাণ আমার ভরে গিয়েছে জামা কাপড় দেখে। কি অপূর্ব রঙচঙে ছাপানো! কি জবা ফুল! এমনকি ধুত্তরা ফুলেরও বিকল্প পেয়ে গেলাম। দেখনা, কি সুন্দর মালা! এটাতো আমি প্রায় তিন মাস ধরে পরছি। কিচ্ছুই হয়নি। কোন লয় ক্ষয় নেই। কি টেকনোলজিক্যাল অগ্রগতি! দেখে চক্ষু সার্থক।"

আপনি হাওয়াই গিয়েছেন বুঝি? জিজ্ঞেস করলাম কৌতুহলবশে।

"হ্যাঁ মা, কিছুতেই যাবনা, কিন্তু পার্বতী ছাড়লো না। বল্ল, হিলারির সঙ্গে হোয়াইট হাউসে দেখা করতে অমন আদুর গায়ে গেলে আমি দেহত্যাগ করবো। শুনে আমি ভয়ে শপিং করতে হাওয়াই গেলুম।"

হাওয়াই ছেড়ে হিলারির কথা শুনতে বেশী উৎসাহী হয়ে পরলাম, "বাবা, হিলারির সঙ্গে আপনি দেখা করতে গিয়েছিলেন বুঝি?"

মহাদেব বল্লেন, "না মা, আসলে গিয়েছিল পার্বতী। আমি সঙ্গে ছিলুম মাত্র। সরস্বতীর মুখে পার্বতীর স্বামীর সম্মোহন, সংস্করণ ও সংস্থাপন করার অভূতপূর্ব ক্ষমতার কথা শুনে হিলারি পার্বতীকে হোয়াইট হাউসে ডেকে পাঠিয়ে ছিল।"

আমি বল্লাম, "দেবী সরস্বতী White Houseএ কি করছেন?"

মহাদেব বল্লেন, "তাও জানোনা বুঝি? সরস্বতী তো হোয়াইট হাউসে একটা বিরাট প্রজেক্টের ওপর কাজ করছেন। বিষয়বস্তুটা হলো একটা Expert System তৈরী করা based on Artificial Intelligence (AI). যেটার মুখ্য উদ্দেশ্য হবে how Hillary thinks, acts and reacts in crisis."

He lowered his voice and whispered, "By the way, she was amazing and she handled the Paula Jones scandal very well. Outstanding lady!! She stood by her Man all the way. It's not easy, you know."

He went back in track and said, "কি যেন বলছিলুম মা?"

I said, "Saraswati Devi's Expert System।"

He said, "Yes, yes. বয়স তো কম হ'লনা মা। মাঝে মাঝে খেই হারিয়ে ফেলি। ও হ্যাঁ, যা বলছিলুম মা। Product conceptটা হল Hillary's এই বিশেষ মুহূর্তগুলোকে কম্পিউটারে ধরে রেখে উপযুক্ত সময়ে প্রয়োগ করা । ভাবতে পার কি অভাবনীয় concept ?"

I said, "তাই তো!"

He got real upset and said "Just তাই তো? Are you kidding?"

I got scared and said "না না ভালো, খুব, খুব ভালো project"

He said, "You are adding insult to injury by saying ভালো, ভালো, খুব ভালো। It is like কাটা ঘায়ে নুনের ছিটে! Thought you will be real excited and will say, 'WOW it's an Earth Shattering Project!! Unbelievable!! Can't wait to hear more about it, etc.' Nothing? Nothing like that and you are saying just 'ভালো'? I'm real

www.baga.net

insulted with your expression. You know you are talking about my daughter স্বরস্বতী, the most talented & learned woman in the universe...I'm very proud of her and I'm not a very happy camper now. What's your name again?"

I got real scared and started shaking. I didn't want to be in a fight with স্বয়ং মহাদব। I said to myself "Anjana, what are you doing? Are you out of your mind? Have you thought about the consequences?" I didn't know that this project is so critical to him. I kept on thinking "How do I get out of this sticky situation?" হটাৎ প্রাণের ভয়ে কাঁপতে কাঁপতে বলতে শুরু করলাম, "With due respect, Sir, I would like to say that it is not an Earth Shattering Project at all. In fact, it is an age old dream project for mortal people, like us, who like to defy the power of Gods and Goddesses. Yes, it is a war between "Haves and Have nots". I'm literally shocked to hear that you are allowing us to build this kind of project on earth."

He said, "What are you talking about? I'm not following you."

I said, "বাবা, আপনারা দেব দেবী। আপনাদের অসীম ক্ষমতা। আপনাদের কাছে এসব কিছু নয়। আপনারা এ সবের আবিষ্কর্ত্তা । হাজার হাজার বছর ধরে আপনারা এসব করে চলেছেন। আপনারা আলোর গতিতে বিচরণ করেন। স্মরণ করার সঙ্গে সঙ্গে আপনারা পৌঁছে যান স্বর্গ থেকে মর্ত্যে or vice versa. আমরা মানুষ. আমরা পারিনা. আমরা আপনাদের হিংসা করি. আর তার জন্যই তো মর্ত্যবাসি আবিষ্কার করলো Telephone, Video Conferencing, Email, Internet, etc. to compete with you. আপনারা জানেন কি করে মেঘের আড়ালে যুদ্ধ করতে হয়। তাই তো আমাদের scientists রা invent করেছে নানান রকম war weapons, especially, those weapons that work under the radar in the battle field, after you showed us কেমন করে মেঘদূত মেঘের আড়ালে যুদ্ধ করেছিলেন। We are very much intrigued by your power of manipulating human brains or in your words, 'সম্মোহন করার ক্ষমতা'। তাই আমরা মর্ত্যবাসীরা প্রানপনে চেষ্টা করে চলেছি AI Based Expert System তৈরী করতে to manipulate human brain and not to be under the mercy of our Gods and Goddesses. So, Sir, with due respect, I repeat again 'It is not an Earth Shattering Project. It is an age old feud between মর্ত্যবাসী এবং স্বর্গের দেবদেবী'। To tell you the truth, Sir, they are delivering you the same old wine in a new shiny bottle called 'Expert System' that you have invented thousands of years ago."

বাবা একটু মুষড়ে গেলেন এবং বল্লেন, "ঠিক বলেছো তো। এটাতো কখনো ভেবে দেখিনি। তুমি কি কর মা, তুমি কি এই লাইনে আছ?"

ঘাম দিয়ে আমার জ্বর ছাড়ল। আমি বল্লাম, "না বাবা আমি ওসব বুঝিনা"

বাবা বল্লেন, "তবে এত খবর রাখো কি করে?"

আমি বল্লাম, "বাবা, রবীন্দ্রনাথের ভাষায় বলি, 'অকাজের কাজ যত আলস্যের সহস্র সঞ্চয় ----শত শত আনন্দের আয়োজন' । হাতে আমার অনেক সময়। দেশ ছেড়ে এসেছি। বিশেষ কিছুই করার নেই। তাই বসে বসে ভাবি আর অতীত ও ভবিষ্যৎ বাগানের উজ্বল কাল্পনিক ফুলগুলো দিয়ে নানান রঙের সুন্দর সুন্দর মালা গাঁথি সারা দিন ধরে মনটাকে ভুলিয়ে রাখতে, যাতে লাভ লোকসানের হিসাব মেলাতে গিয়ে এই অমূল্য জীবনটাকে অশান্তির জঙ্গলে হারিয়ে না ফেলি, বাবা।"

বাবা বল্লেন, "That's deep ---Too deep for me. ঠিক বলেছ মা. Life is a rare gift, অমূল্য রতন। You need to enjoy it, you need to celebrate life."

I tried to change the subject and said, "আমার কথা আজ থাক বাবা। আপনি আপনার project এর কথা বলুন বাবা" ।

www.baga.net

বাবা বল্লেন, "Yes, yes. I will. But, we need to talk. We need to meet again. দেখি আমি তোমার জন্য কি করতে পারি। I would like to introduce you to স্বরস্বতী। She will love you."

He took a short pause to continue his thought process and said, "হ্যাঁ, যা বলছিলুম, এতদিনে প্রোডাক্টটা বেরিয়ে যেতো। কিন্তু ঐ প্রোগ্রামারগুলো দেরী করে ফেললো। আর সেইজন্য তো product delivery করতে এতটা দেরী হয়ে গেল।"

I asked, "Who was the Program Manager?"

He said, "Don't get me started. It's a can of worms and you don't want to go there. Well, if you insist, I have to say, উনি হলেন তোমাদের প্রিয় 'কলির কেষ্ট'। স্বয়ং Lord Krishna. I don't know why you guys, মর্ত্যবাসী, love him so much. He is the most devious, chronic truth manipulator, womanizing character in the whole world."

I said, "Really!"

He said, "Yes. He was the main problem."

I said, "How is it possible? As we all know, Lord Krishna himself managed the entire কুরুক্ষেত্র যুদ্ধ in a record time as well as within budget without a single hitch. He planned, architected, designed and deployed the entire program in কুরুক্ষেত্রে in record time. How come he couldn't deliver this simple project on time? Hard to believe...."

He said, "Yes. problemটা হলো কি কুরুক্ষেত্র যুদ্ধেতো সুন্দরী programmers ছিলনা, তাই ওটা সম্ভব হয়েছিল। আর এখন তো সুন্দরীদের অভাব নেই। তাই কৃষ্ণলীলা করতে করতে দিন কেটে যায় ওনার। উনি কাজ করবেন কখন?"

He looked at his global watch on his right hand wrist and said, "কি যেন বলছিলুম মা?"

I was kind of lost for a while in his eyes and his unconventional beauty. I was saying in my head, "He looks kind of sexy, ultramodern and fashionable মহাদেব who is ready to move to the 20th century wearing Hawaiian shirt, Bermuda shorts, cryogenic ধুতুরা ফুলের মালা, cheap perfume...Well he looks kind of sexy. Isn't he?"

He repeated again, "কি যেন বলছিলুম?"

I got startled and came back to my senses, and I said, "Yes, we were talking about product delivery delay caused by Program Manager, স্বয়ং Lord Krishna!"

He said, "Yes, yes. That's past. He has been fired and we are back on track again...Well it was a huge mistake to start with and ended up as a long saga. I will tell you about that someday."

He took a little pause and started again, "তবে কি জান? স্বরস্বতীর খসড়া দেখে হিলারি এত খুশী যে আনন্দের আতিশয্যে পার্বতীকে কৈলাস থেকে ডেকে আনলো বিশেষ আলোচনার জন্য। ও স্বয়ং পার্বতীর মুখ থেকে জ্ঞান আহরণ করতে চায়। জানতে চায় কি প্রক্রিয়ার বলে স্বামীকে সসম্মানে সমাজের ও পৃথিবীর বুকে তুলে ধরা যায়।"

All on a sudden, I saw his eyes got extra bright with love and respect towards his wife, and he started again with a highly excited as well as passionate voice (বাংলায় যাকে বলে "গদ গদ স্বরে"), "জানো তো মা, আমার পার্বতীর কাছে এ ব্যাপারে কেউ খাপ খুলতে পারবেনা। মনে আছে কি ভাবে বাপের উপর অভিমান করে দক্ষযজ্ঞ ভ্রষ্ট করে আমাকে দিয়ে ত্রিভুবন কাঁপিয়ে দিল? নিজে মৃতাবস্থায় পড়ে রইল - আমার মত ভাঙ গাঁজা খাওয়া ব্যক্তিকে সারা

www.baga.net

দেবকুলের কাছে চিরজীবনের মত ধ্বংসের একমাত্র অধিকারী, মহেশ্বরে রূপায়িত করে দিল। কি অপূর্ব মহিমার অধিকারিনী আমার পার্বতী - ভাবতেও বিস্ময় লাগে সেই প্রতিভার জ্যোতি দেখি আমি হিলারির মধ্যে। ও মেয়ে বিলের নাম পৃথিবীর ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখে রেখে যাবে। ওকে দেখলে আমার যুবতী পার্বতীর কথা মনে পড়ে। ওদের মধ্যে অস্বাভাবিক মিল । এমনকি নামেরও মিল দেখেছো? পর্বত - পার্বতী আর হিল -হিলারী। White House থেকে বিদায় নেবার আগে Bill Clinton কে বল্লাম, ‘বাবা, তোমার আর আমার মতো ভাগ্যবান পৃথিবীতে আর তৃতীয়টি নেই। যে অমূল্য সম্পদ পেয়েছো তা মাথায় তুলে রেখো, Hillaryর অমর্যাদা কোরো না। তোমার ভালো হবেনা তাতো উল্টে খারাপই হতে পারে। তাই বুঝে শুনে চলো” -- ----------

হটাৎ স্পীকারের মাধ্যমে শুনতে পেলাম, “USA out .... Heaven in ..... USA out .... Heaven in ..... মহাদেব আপনার জন্য আমরা আপেক্ষা করছি” ।

ব্যস্ত সমস্ত বাবা বল্লেন, “এবার আমাকে যেতে হবে মা স্বয়ং ব্রহ্মা আমার স্ট্যাটাস রিপোর্ট দেখতে চান, চল্লুম। Stay in touch.”

হন্তদন্ত হয়ে চোখের নিমেষে উধাও হয়ে গেলেন মহাদেব।

হটাৎ স্বপ্নে শুনলাম করুণাদি বলছেন, "অঞ্জনা দুর্বা কই ? দুর্বা ? আরে দুর্বা আনতে গিয়া কি ঘুমাইয়া পরলি?” করুণাদির চিৎকারে ঘুমটা ভেঙ্গে গেল কিন্তু মনটা ভরে গেল বীরেন কৃষ্ণ ভদ্রের মহালয়ার গান "জাগো তুমি জাগো ....." শুনে!

ভাগ্য ভালো টেপটা আগেরদিন লাগিয়ে রেখেছিলাম মহালয়া শুনবো বলে! নাহলে হয়তো মহাদেবের বিরহে বাড়ি ছেড়ে বেরিয়ে যেতুম মনের দুঃখে !

Sharadiya Abhinandan to all BAGA Family

GET THE GUIDANCE

YOU'LL NEED FOR YOUR FINANCIAL FUTURE.

SERVICES:

- Business Planning
- Charitable Planning
- College Planning
- Estate Planning[1]
- Executive Benefits Planning
- Personal Planning
- Social Security Planning
- Trusts[2]

PRODUCTS:

- Disability Income Insurance
- Fixed Annuities
- Individual Life Insurance
- Long Term Care Insurance
- Retirement/401(k) Plan Services
- Single Premium Immediate Annuities

Work with a knowledgeable financial professional you can trust. Call today for a no-obligation financial check-up to see if your financial house is in order.

Blue Ocean
Wealth Solutions
A member of the MassMutual Financial Group

Paresh C. Saha, LUTCF
Financial Services Executive
Blue Ocean Wealth Solutions
2200 Northern Boulevard
East Hills, NY 11548
Office: 516-686-7075
Cell: 646-286-0285
psaha@financialguide.com

LIFE INSURANCE + RETIREMENT/401(K) PLAN SERVICES + DISABILITY INCOME INSURANCE
LONG TERM CARE INSURANCE + ANNUITIES

MassMutual Financial Group refers to Massachusetts Mutual Life Insurance Co. (MassMutual), its affiliated companies and sales representatives. Insurance products are issued by MassMutual, Springfield, MA 01111, and its subsidiaries, C.M. Life Insurance Company and MML Bay State Life Insurance Company, Enfield, CT 06082. [1]Performed in conjunction with your attorney and/or other advisors. [2]Trust services provided by the MassMutual Trust Company, FSB, a wholly-owned subsidiary of MassMutual. CRN201707-194737

প্রতিযোগিতা

- কল্লোল নন্দী, আটলান্টা



।। এক ।।

শীতের দুপুরে কলেজের মাঠে বসে চীনেবাদামের খোসা ছাড়িয়ে খাওয়া আর বন্ধুদের সাথে আড্ডা দেওয়ার জন্যে যারা ক্লাস ফাঁকি দেয় অপর্ণা তাদের কখনো ভাল বলে মেনে নিতে পারে নি। অপর্ণার মতে, এইসব বখাটে ছেলেমেয়েদের জীবনে কিসসু হবে না। তাই অপর্ণা সচরাচর এইসব ছেলেমেয়েদের এড়িয়ে চলত। অপর্ণার চিন্তাধারায় ক্যারিয়ার বানানোর জন্যে প্রথম কাজ হল মন দিয়ে প্রফেসারদের ক্লাস ফলো করে যাওয়া। আর এইরকম মনোভাবাপন্ন ছেলেমেয়েদের নিয়ে অপর্ণা একটা দল বানিয়ে ফেলেছিল, যারা রোজ নিয়মিত ক্লাস করে, আর প্রফেসার যা যা বলে খাতায় তারা হুবহু তাই লিখে ফেলে।

কলেজে সবাই যে যার মত বন্ধু গোষ্ঠী বানিয়ে চলে। যারা রোজ নিয়মিত ক্লাস করে অপর্ণা তাদের ভাল নানান বিষয়ে আলোচনা করে, একসঙ্গে অঙ্ক সল্ভ করে, তাদের সাথে অপর্ণার নোটের আদান প্রদান চলে, কঠিন কঠিন বিষয় নিয়ে আলোচনা করে। এদিকে বাউণ্ডুলে ছেলেরা এদের নিয়ে দূর থেকে হাসাহাসি করে। সুবিমল এই বাউণ্ডুলে গোষ্ঠীর মধ্যে পড়ে। সুবিমল অল্প কিছু ক্লাস করে, কিছু প্রক্সি দিয়ে চালায়, আর বাকিগুলো বেমালুম খরচের খাতায়।

সুবিমল ক্লাসে থাকলে অনেকেই বিব্রত বোধ করে। ওর প্রশ্নের কোন বাধ্য বাধকতা থাকে না। একদিন বায়োলজি ক্লাসে প্রফেসার ডায়জেস্টিভ সিস্টেম পড়ালেন। ক্লাসের শেষের দিকে সুবিমল

www.baga.net

উঠে দাড়িয়ে জিজ্ঞেস করল, আচ্ছা স্যার, মাংসাশী প্রাণীরা যে প্রক্রিয়ায় মাংস হজম করে সে প্রক্রিয়ায় তাদের পেটের নাড়িভুঁড়ি কেন হজম হয়ে যায় না? সেগুলোও তো একরকম মাংস দিয়েই তৈরি। অপর্ণা আর তার দলের কয়েকজন কটমট করে সুবিমলের দিকে তাকাল। ভাবখানা এমন যে, প্রশ্নটা ভাল, তবে এটা তো পরীক্ষায় আসবে না। এইসব অবান্তর প্রশ্ন করে ক্লাসের সময় অযথা নষ্ট করার কোন মানে হয় না। প্রফেসার সুবিমলকে বসতে বলে, এই প্রশ্নের উত্তরটা সংক্ষেপে বুঝিয়ে দিলেন।

সুবিমলের চিন্তা-ভাবনার ধরণ-ধারণ কেমন যেন গন্ডি ছাড়া। কেউ কেউ এই দেখে সুবিমলকে একটু বেশি পছন্দ করে, আবার কেউ কেউ ভাবে ও একটা আঁতেল ছেলে। সেদিন অনেকে ভাবল, সুবিমলের নিশ্চয় বায়োলজি ভাল লাগে, ও এই ক্লাসে রোজ আসবে। সুবিমল কিন্তু যেমন ছিল তেমনি থাকল। ক্লাস করা সুবিমলের অ্যাজেন্ডার মধ্যে নেই। আর ক্লাসে এলে এমন সব প্রশ্ন করে বসত যে, হয় প্রফেসার নতুবা ছাত্ররা, কখনো বা সকলেই বিব্রত বোধ করত। অপর্ণার নেতৃত্বে যে দল তৈরি হয়েছিল, তারা সব সময়েই ভাবত এরা আসে শুধু ক্লাসের সময় নষ্ট করার জন্যে। বার কয়েক তারা এ নিয়ে প্রতিবাদও করেছে। যে দু-একজন প্রফেসার এদের কথা শুনে সুবিমলকে চুপ করে বসিয়ে দিয়েছে, সুবিমল তাঁদের ক্লাস করা প্রায় ছেড়েই দিল।

সবই ভাল চলছিল মিড-টার্ম পরীক্ষা না-হওয়া অবধি। মিড-টার্ম পরীক্ষার রেজাল্টে দেখা গেল, শুধু সুবিমল নয়, ওই বাউণ্ডুলে দলের অনেকেই পড়ুয়া দলের অনেকের থেকে ভাল নম্বর পেয়েছে। কয়েকজন কোন কোন সাবজেক্টে হাইয়েস্ট নম্বরও পেয়েছে। এই ঘটনার পরে পড়ুয়া দলের ছেলেমেয়েরা পাইকারি হারে ক্লাস না-কাটলেও অনেকেই ক্লাস না-করার দলে এসে জুটল। তাদের বেশির ভাগের আসল উদ্দেশ্য ছিল, ক্লাস না করে ভাল নম্বর পাওয়া – এই রহস্যের মূল চাবিটা কি – সেইটে উদ্ধার করা। অপর্ণা যদিও এতটা মাথা মোটা না, তবে এনিয়ে যে তার কোন ঔৎসুক্য নেই, তাও নয়।

অপর্ণার আঁটোসাঁটো দলের তখন একটা ছন্নছাড়া অবস্থায় এসে দাঁড়িয়েছে। একদিন অপর্ণা গুটিকয় সাগরেদ নিয়ে বসে আছে। এমন সময়ে সুবিমলকে একা যেতে দেখে অপর্ণা সুবিমলকে ডেকে এটা-সেটা প্রশ্ন করা শুরু করল। অপর্ণার খাপছাড়া প্রশ্ন আর সুবিমলের সেইরকম ট্যারা-বাঁকা উত্তর শুনে একে একে সবাই উঠে পড়ল। অপর্ণার সাগরেদগুলো সবাই যখন চলে গেল, অপর্ণা তখন আসল কথাটা বলল, তোর তো সবই পড়া হয়ে গেছে। এখন তোর কোন কাজ নেই, আড্ডা মারা ছাড়া। বস না একটু।

এক মুহূর্ত কিছু একটা ভেবে সুবিমল অপর্ণার পাশে বসল। অপর্ণা জিজ্ঞেস করল, তোর কি সব পড়া হয়ে গেছে?

সুবিমল উল্টে জিজ্ঞেস করল, তোর কি মনে হয়?

অপর্ণা বলল, আমার তো তাই মনে হয়। তোর পুরোটা পড়া হয়ে গেছে, আর তাই তুই শুধু আড্ডা মারিস, এদিকে ভালই নম্বর তুলিস।

সুবিমল যেন দূরে কিছু একটা দেখছে সেইরকম ভাবে সামনে তাকিয়ে বলল, তাহলে তাই। বিশ্বাসে মিলায় যা, তর্কে তা বহু দূর।

হেঁয়ালিতে অপর্ণা বিরক্ত হলেও একইরকম ভাবে বলল, বল না। বললে কি তোর কিছু কমে যাবে?

সুবিমল চিরাচরিত ভাবে পাতলা গোঁফের নিচে হালকা হাসি বজায় রেখে বলল, এতো আর ধন-সম্পত্তি নয় যে দিয়ে দিলে কমে যাবে; এ হল knowledge, অর্থাৎ জ্ঞানের কথা, যত বিলাব ততই বাড়বে।

অপর্ণা অধৈর্য হয়ে বলল, তাহলে বলই না।

www.baga.net

সুবিমল অপর্ণার কেমিস্ট্রি প্র্যাক্টিক্যাল নোটবুকের দিকে আঙুল দিয়ে বলল, তোর যেটা প্রায় শেষ, আমার সেটা শুরু করা তো দূরের কথা, এখনো কেনাই হয় নি। তারপরে একটু কি ভেবে বলল, চল, একটু চা খেয়ে তোকে আরও বলছি।

অপর্ণা সুবিমলের পেছন পেছন চলল। কলেজের দেওয়ালের পাশে একটা চায়ের দোকান। সুবিমল অপর্ণাকে নিয়ে কোনার দিকের একটা টেবিলে বসে, অপর্ণা না করা সত্ত্বেও দুটো চায়ের অর্ডার দিল। বলল, আচ্ছা, তুই না খেলে আমি খেয়ে নেব।

মন্টু মুহূর্তের মধ্যেই দুই গ্লাস চা দিয়ে গেল। আবার টোস্ট বিস্কুটের অর্ডার হল। তাও এল। সুবিমল অপর্ণাকে বলল, জানিস বার্লিন ইউনিভারসিটির ক্যান্টিনে দেখা যেত এইরকম চায়ের টেবিলে কেউ কোন প্রব্লেম সল্ভ করতে করতে আটকে গিয়ে অর্ধেক করে চলে গেছে, অন্য কেউ এসে সেটা সল্ভ করে দিয়ে গেছে। সেই জন্যে ওইসব টেবিলের কোন চকের লেখা মোছা হত না।

অপর্ণা ভাবল, কোথায় এই চায়ের দোকান? আর কোথায় বার্লিন ইউনিভারসিটির ক্যান্টিন! কার সাথে কার তুলনা। সুবিমলের সব পড়া হয়ে গেছে, তাই ও এইসব করে আর ক্লাস ফাঁকি দেয়। মনে মনে ঠিক করে নিল, আজ ওর কাছ থেকে পুরোটা না জেনে ও ছাড়বে না।

তখন মনে হল, কয়েক ঘন্টা আগে অবধি এই চায়ের দোকানের দিকে ও তাকাত না পর্যন্ত, আর এখন সেখানে চায়ের গ্লাস নিয়ে বসে আছে। যাকে বলে একরকম আড্ডা মারছে। নিজের অবস্থাটা ঠিক বোঝার চেষ্টা করছে এমন সময়ে সুবিমল অপর্ণাকে বলল, জানিস, এই মন্টুআমার থেকে তাড়াতাড়ি যোগ, বিয়োগ, গুন, ভাগ করতে পারে। ওকে বল, তিনটে চা, দুটো বিস্কুট, আর দুটো টোস্ট চারজনের মধ্যে ভাগ করে দিতে, তোর ভেবে ওঠার আগে ও বলে দেবে। তার সাথে কারো কিছু এক্সট্রা থাকলে সেটাও ঠিকঠাক যোগ করে দেবে।

অপর্ণার সুবিমলের এইসব কথাবার্তা ভাল লাগলেও চায়ের দোকানে বসে গল্প করতে ভাল লাগছিল না। বলল, এবার আমাকে বাড়ি যেতে হবে। তুই তো ওদিকেই যাবি, চল না আমার সাথে।

সুবিমলের কথায় অপর্ণা চায়ের দোকানে এসেছিল, তাই পালটা কথা রাখতে সুবিমলকেও অপর্ণার সাথে যেতে হল। রাস্তায় যেতে যেতে, অপর্ণা ওর ভাল লাগা, না লাগার কথা বলল, কোন প্রফেসরের পড়ানো ভাল লাগে তাও বলল। বাড়ি পোঁছে অপর্ণা বলল, আমাদের বাড়িতে চা খেয়ে যেতে হবে কিন্তু। সুবিমলকে এক রকম জোর করেই ওর বাড়িতে টেনে আনল। যদিও সুবিমল অপর্ণার বাবা-মাকে চিনত, অপর্ণা তাও তাঁদের সাথে সুবিমলের আলাপ করিয়ে দিল। যখন ওর মা বললেন, তুমি নাকি পড়াশুনো করো না, কিন্তু ভাল রেজাল্ট করেছো, সুবিমল বুঝল, অপর্ণা সুবিমলের অনেক কথাই বাড়িতে বলেছে। সুবিমল আর কি করে? বোকার মত হেসে বলল, তাই নাকি?

অপর্ণা বলল, বুঝলে মা, আসলে ওর সব পড়া হয়ে গেছে, কিন্তু ও কাউকে বুঝতে দেয় না।

অপর্ণার মা আর কিছু না বলে ভিতরে চলে গেলেন। আর কিছুক্ষণ পরে দু-কাপ চা আর একটা প্লেটে এটা-সেটা টুকিটাকি নিয়ে ওদের সামনে রেখে গেলেন।

সুবিমল দু-চুমুক চা খেয়ে অপর্ণাকে বলল, তুই এত যত্ন করে এত ভাল চা খাওয়ালি, তখন আসল কথাটা বলতেই হয়। তারপরে আরও এক-চুমুক চা খেয়ে সুবিমল বলল, একটা কাঠি দিয়ে ঢাকের চামড়ায় মারবি তো শুনবি কত জোরে শব্দ হয়, পাথরের উপরে মারবি তো দেখবি নিজেও শুনতে পারবি না। আমরাও সেই অবস্থা।

সুবিমল কাকে ঢাক আর কাকে পাথর বলল এই কথায় অপর্ণা ধন্দে পড়ে কথা ঘুরিয়ে জিজ্ঞেস করল, আমার কয়েকটা অঙ্ক হচ্ছে না, তুই একটু দেখে দিবি।

www.baga.net

সুবিমল অপর্ণার কেমিস্ট্রি প্র্যাক্টিক্যাল নোটবুকের দিকে আঙুল দিয়ে বলল, তোর যেটা প্রায় শেষ, আমার সেটা শুরু করা তো দূরের কথা, এখনো কেনাই হয় নি। তারপরে একটু কি ভেবে বলল, চল, একটু চা খেয়ে তোকে আরও বলছি।

অপর্ণা সুবিমলের পেছন পেছন চলল। কলেজের দেওয়ালের পাশে একটা চায়ের দোকান। সুবিমল অপর্ণাকে নিয়ে কোনার দিকের একটা টেবিলে বসে, অপর্ণা না করা সত্ত্বেও দুটো চায়ের অর্ডার দিল। বলল, আচ্ছা, তুই না খেলে আমি খেয়ে নেব।

মন্টু মুহূর্তের মধ্যেই দুই গ্লাস চা দিয়ে গেল। আবার টোস্ট বিস্কুটের অর্ডার হল। তাও এল। সুবিমল অপর্ণাকে বলল, জানিস বার্লিন ইউনিভারসিটির ক্যান্টিনে দেখা যেত এইরকম চায়ের টেবিলে কেউ কোন প্রব্লেম সল্ভ করতে করতে আটকে গিয়ে অর্ধেক করে চলে গেছে, অন্য কেউ এসে সেটা সল্ভ করে দিয়ে গেছে। সেই জন্যে ওইসব টেবিলের কোন চকের লেখা মোছা হত না।

অপর্ণা ভাবল, কোথায় এই চায়ের দোকান? আর কোথায় বার্লিন ইউনিভারসিটির ক্যান্টিন! কার সাথে কার তুলনা। সুবিমলের সব পড়া হয়ে গেছে, তাই ও এইসব করে আর ক্লাস ফাঁকি দেয়। মনে মনে ঠিক করে নিল, আজ ওর কাছ থেকে পুরোটা না জেনে ও ছাড়বে না।

তখন মনে হল, কয়েক ঘন্টা আগে অবধি এই চায়ের দোকানের দিকে ও তাকাত না পর্যন্ত, আর এখন সেখানে চায়ের গ্লাস নিয়ে বসে আছে। যাকে বলে একরকম আড্ডা মারছে। নিজের অবস্থাটা ঠিক বোঝার চেষ্টা করছে এমন সময়ে সুবিমল অপর্ণাকে বলল, জানিস, এই মন্টুআমার থেকে তাড়াতাড়ি যোগ, বিয়োগ, গুন, ভাগ করতে পারে। ওকে বল, তিনটে চা, দুটো বিস্কুট, আর দুটো টোস্ট চারজনের মধ্যে ভাগ করে দিতে, তোর ভেবে ওঠার আগে ও বলে দেবে। তার সাথে কারো কিছু এক্সট্রা থাকলে সেটাও ঠিকঠাক যোগ করে দেবে।

অপর্ণার সুবিমলের এইসব কথাবার্তা ভাল লাগলেও চায়ের দোকানে বসে গল্প করতে ভাল লাগছিল না। বলল, এবার আমাকে বাড়ি যেতে হবে। তুই তো ওদিকেই যাবি, চল না আমার সাথে।

সুবিমলের কথায় অপর্ণা চায়ের দোকানে এসেছিল, তাই পালটা কথা রাখতে সুবিমলকেও অপর্ণার সাথে যেতে হল। রাস্তায় যেতে যেতে, অপর্ণা ওর ভাল লাগা, না লাগার কথা বলল, কোন প্রফেসরের পড়ানো ভাল লাগে তাও বলল। বাড়ি পোঁছে অপর্ণা বলল, আমাদের বাড়িতে চা খেয়ে যেতে হবে কিন্তু। সুবিমলকে এক রকম জোর করেই ওর বাড়িতে টেনে আনল। যদিও সুবিমল অপর্ণার বাবা-মাকে চিনত, অপর্ণা তাও তাঁদের সাথে সুবিমলের আলাপ করিয়ে দিল। যখন ওর মা বললেন, তুমি নাকি পড়াশুনো করো না, কিন্তু ভাল রেজাল্ট করেছো, সুবিমল বুঝল, অপর্ণা সুবিমলের অনেক কথাই বাড়িতে বলেছে। সুবিমল আর কি করে? বোকার মত হেসে বলল, তাই নাকি?

অপর্ণা বলল, বুঝলে মা, আসলে ওর সব পড়া হয়ে গেছে, কিন্তু ও কাউকে বুঝতে দেয় না।

অপর্ণার মা আর কিছু না বলে ভিতরে চলে গেলেন। আর কিছুক্ষণ পরে দু-কাপ চা আর একটা প্লেটে এটা-সেটা টুকিটাকি নিয়ে ওদের সামনে রেখে গেলেন।

সুবিমল দু-চুমুক চা খেয়ে অপর্ণাকে বলল, তুই এত যত্ন করে এত ভাল চা খাওয়ালি, তখন আসল কথাটা বলতেই হয়। তারপরে আরও এক-চুমুক চা খেয়ে সুবিমল বলল, একটা কাঠি দিয়ে ঢাকের চামড়ায় মারবি তো শুনবি কত জোরে শব্দ হয়, পাথরের উপরে মারবি তো দেখবি নিজেও শুনতে পারবি না। আমরাও সেই অবস্থা।

সুবিমল কাকে ঢাক আর কাকে পাথর বলল এই কথায় অপর্ণা ধন্দে পড়ে কথা ঘুরিয়ে জিজ্ঞেস করল, আমার কয়েকটা অঙ্ক হচ্ছে না, তুই একটু দেখে দিবি।

www.baga.net

সুবিমল অপর্ণার কানের কাছে মুখটা এনে কিছুটা আবেগ জড়ানো স্বরে নিচু গলায় বলল, কিন্তু, আমি তো তোর কাছে থাকতে চাই, দূরে তো যেতে চাই না। এই বলে, সুবিমল অপর্ণার খুব কাছে সরে এল, আর আস্তে করে অপর্ণার হাতের তালুটা একটু হালকা চেপেই ছেড়ে দিল।

অপর্ণা সুবিমলের চোখের দিকে কয়েক মুহূর্ত তাকিয়ে চোখ নামিয়ে নিয়ে চুপ করে গেল। কিছুক্ষণ কোন কথা বলল না। সুবিমল ধীরে ধীরে চা শেষ করে বলল, কিরে? কি বিশেষ দরকার? বললি না তো?

অপর্ণা বলল, সে তেমন কিছু না। অন্য অরেকদিন বলব।

সুবিমল বলল, তাহলে আজ উঠি।

এই বলে সুবিমল বেরিয়ে গেল।

।। তিন ।।

অপর্ণার সেই প্রফেসার ফলো করার দল তখন আর নেই, সবাই যে যার মত রাস্তা দেখে নিয়েছে। এখন অপর্ণার নোটের আদান প্রদান চলে প্রধানত সুবিমলের সাথে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিমলকে অপর্ণার বিভিন্ন প্রশ্নের উত্তর তৈরি করে দিতে হয়।

এরমধ্যে সুবিমল একদিন অপর্ণার বাড়িতে গেছে। অপর্ণা গম্ভীর মুখ করে ওর নোটের খাতাটা সুবিমলের সামনে খুলে ধরে বলল, তুই নিজে ঠিক করেছিস আর আমাকে ভুল করে দিয়েছিস। প্রফেসার বললেন, গোঁজামিল দিয়ে উত্তর মিলিয়ে দিলেই কি হবে? বলে, পুরোটা কেটে দিয়েছেন। আমার লজ্জায় মাথা কাটা গেল যে, তুইও আমার সাথে এইরকম করলি। তোকে আমি অন্যরকম ভাবতাম।

সুবিমল বলল, দে তোর খাতাটা আজ, আমি একটু ভাল করে দেখি।

অপর্ণা বলল, আমি কখনো ভাবি নি যে তোর মন এত ছোট।

সুবিমল অপর্ণার খাতাটা নিয়ে চলে গেল।

পরেরদিন সুবিমল অপর্ণাকে ডেকে নিয়ে গেল প্রফেসারের ঘরে। সুবিমল একটা পরিষ্কার কাগজে সমাধানটা লিখে ওর উদ্ভট কিন্তু সোজা পদ্ধতিটা প্রফেসারকে বুঝিয়ে জিজ্ঞেস করল, স্যার এতে কি কোন ভুল আছে?

প্রফেসার বললেন, কোন ভুল নেই। তবে সবাই এটা বুঝতে পারবে না। তাই আমি অন্যরকম করে করতে বলি যাতে সবাই বোঝে।

সুবিমল জিজ্ঞেস করল, আমি এইভাবে করলে কি আপনি এটাকে গোঁজামিল বলবেন?

প্রফেসার বললেন, না, ঠিক মত লিখতে পারলেই হল।

সুবিমল, Thank you, Sir - বলে যখন বের হয়ে যাচ্ছে, প্রফেসার বুঝতে পারলেন যে সুবিমল কেন এসেছিল। উনি বললেন, অনেকে না বুঝে তোমার মত করে সল্ভ করার চেষ্টা করেছিল, আমি তাদেরটা কেটে দিয়েছি।

প্রফেসারের ঘর থেকে বেরিয়ে অপর্ণা সুবিমলের সামনে সামনে হাটতে লাগল – চোখ ছল ছল। কিছুক্ষণ পরে এক নিরিবিলি জায়গায় এসে বলল, তোর বেলায় ঠিক আর আমার বেলায় গোঁজামিল।

সুবিমল বলল, আজ আর কোন ক্লাস নেই। চল তোর বাড়ি যাই। তারপর বলব।

www.baga.net

একটু থেমে বাবা আবার বল্লেন, "একটা আশ্চর্যের কথা কি জান? ইউ এস এর বাঙালী ছেলেদের কাছ থেকে প্রচুর চিঠি পাচ্ছি। তারা জানতে চাইছেন ইন্দ্রাণী হালদার, অপর্না সেন কোথায় যাবেন? স্বর্গে না নরকে? আরে, সে খবর কি দেওয়া যায়? এসব হল টপ সিক্রেট।"

আবার ফোনটা বেজে উঠলো। কথপোকথন শুনে মনে হল কোন ফ্যাশন ডিজাইনারের সঙ্গে কথা হচ্ছে। আলোচনার বিষয় বস্তু হলো, ফ্যাশন ডিজাইনারের পক্ষে কৈলাসে কাজ করা সম্ভব কিনা। উনি কথা শেষ করে বল্লেন, "এতকাল পরে মনের মত জামা কাপড়ের সন্ধান পেলাম Hawaii তে। প্রাণ আমার ভরে গিয়েছে জামা কাপড় দেখে। কি অপূর্ব রঙচঙে ছাপানো! কি জবা ফুল! এমনকি ধুত্রা ফুলেরও বিকল্প পেয়ে গেলাম। দেখনা, কি সুন্দর মালা! এটাতো আমি প্রায় তিন মাস ধরে পরছি। কিছুই হয়নি। কোন লয় ক্ষয় নেই। কি টেকনোলজিক্যাল অগ্রগতি! দেখে চক্ষু সার্থক।"

আপনি হাওয়াই গিয়েছেন বুঝি? জিজ্ঞেস করলাম কৌতুহলবশে।

"হ্যাঁ মা, কিছুতেই যাবনা, কিন্তু পার্বতী ছাড়লো না। বল্ল, হিলারির সঙ্গে হোয়াইট হাউসে দেখা করতে অমন আদুর গায়ে গেলে আমি দেহত্যাগ করবো। শুনে আমি ভয়ে শপিং করতে হাওয়াই গেলুম।"

হাওয়াই ছেড়ে হিলারির কথা শুনতে বেশী উৎসাহী হয়ে পরলাম, "বাবা, হিলারির সঙ্গে আপনি দেখা করতে গিয়েছিলেন বুঝি?"

মহাদেব বল্লেন, "না মা, আসলে গিয়েছিল পার্বতী। আমি সঙ্গে ছিলুম মাত্র। সরস্বতীর মুখে পার্বতীর স্বামীর সম্মোহন, সংস্করণ ও সংস্থাপন করার অভূতপূর্ব ক্ষমতার কথা শুনে হিলারি পার্বতীকে হোয়াইট হাউসে ডেকে পাঠিয়ে ছিল।"

আমি বল্লাম, "দেবী সরস্বতী White Houseএ কি করছেন?"

মহাদেব বল্লেন, "তাও জানোনা বুঝি? সরস্বতী তো হোয়াইট হাউসে একটা বিরাট প্রজেক্টের ওপর কাজ করছেন। বিষয়বস্তুটা হলো একটা Expert System তৈরী করা based on Artificial Intelligence (AI). যেটার মুখ্য উদ্দ্যেশ্য হবে how Hillary thinks, acts and reacts in crisis."

He lowered his voice and whispered, "By the way, she was amazing and she handled the Paula Jones scandal very well. Outstanding lady!! She stood by her Man all the way. It's not easy, you know."

He went back in track and said, "কি যেন বলছিলুম মা?"

I said, "Saraswati Devi's Expert System!"

He said, "Yes, yes. বয়স তো কম হ'লনা মা। মাঝে মাঝে খেই হারিয়ে ফেলি। ও হ্যাঁ, যা বলছিলুম মা। Product conceptটা হল Hillary's এই বিশেষ মুহূর্তগুলোকে কম্পিউটারে ধরে রেখে উপযুক্ত সময়ে প্রয়োগ করা । ভাবতে পার কি অভাবনীয় concept ?"

I said, "তাই তো!"

He got real upset and said "Just তাই তো? Are you kidding?"

I got scared and said "না না ভালো, খুব, খুব ভালো project"

He said, "You are adding insult to injury by saying ভালো, ভালো, খুব ভালো। It is like কাটা ঘায়ে নুনের ছিটে! Thought you will be real excited and will say, 'WOW it's an Earth Shattering Project!! Unbelievable!! Can't wait to hear more about it, etc.' Nothing? Nothing like that and you are saying just 'ভালো'? I'm real

www.baga.net

MassMutual
FINANCIAL GROUP®
PERIMETER

TODAY

IS THE START OF SOMETHING GREAT.

When it comes to building strategies that can help you reach long term financial goals, you need someone you can count on. For more than 160 years, MassMutual financial professionals have helped businesses and families bring their dreams to life - and now, with the opening of MassMutual Financial Group Perimeter in Atlanta, we are ready to start earning your trust. To learn more, contact us at our new office.

You can feel confident in your family's financial future and your own. [1]With whole life insurance from MassMutual, you can help protect your family today while you build guaranteed cash value over time that can provide supplemental income in retirement. Learn how the flexibility of whole life insurance can help shape your future at www.MassMutual.com

LIFE INSURANCE + RETIREMENT/401(K) PLAN SERVICES
DISABILITY INCOME INSURANCE + LONG TERM CARE INSURANCE +
ANNUITIES

Dibyendu De, Ph.D.
Financial Adviser
Financial Services Representative
4 Concourse Parkway NE, Suite 300
Atlanta, GA 30328
Direct(404)704-3125
Cell (770)330-5849
dde@financialguide.com

Financial Services Representatives are independent contractors and are not employees of MassMutual, its subsidiaries or of the General Agent with whom they contract. © 2016 Massachusetts Mutual Life Insurance Company, Springfield, MA 01111-0001. All rights reserved. www.massmutual.com. MassMutual Financial Group is a marketing name for Massachusetts Mutual Life Insurance Company (MassMutual) and its affiliated companies and sales representatives. Local sales agencies are not subsidiaries of MassMutual or its affiliated companies. 1Access to cash value through borrowing or partial surrenders will reduce the policy's cash value and death benefit, increase the chance of policy lapse, and may not result in a tax liability. L0816474081[exp0817][GA]



TRAVEL
Canada



Mukherjee

Mahika
Mahika (Shree) Banerjee, Grade: 4

GRAND OPENING

11585 Jones Bridge Road
(in Abbotts Village by Publix)
Johns Creek, GA 30022

770.569.4777

www.touchofindiaatl.com



15% OFF	$8.95	$10.95
Entire Dinner Bill	**Lunch Buffet**	**Lunch Buffet**
Alcohol not included. Not valid with other offers or promotions. Must present coupon. Gratuity based on original amount. Expires 10/8/16	Monday - Friday Dine in only. Expires 10/8/16	Saturday - Sunday Dine in only. Expires 10/8/16

Touch of India
Desi Restaurant

Serving Authentic Indian Cuisine

Appetizers • Soups • Tandoori Sizzlers
Vegetarian Dishes • Curries
Rice Dishes • Home Made Breads
Sundries • Indian Fruits & Sweets

Lunch Hours:
Monday-Saturday 11:30am - 3:00pm
Sunday 12:00 noon - 3:00pm

Dinner Hours:
Monday-Sunday 5:30pm - 10:00pm

To advertise in your local Money Mailer call 770-754-0588.
255-50-086/0608 JM

We Do Catering for all Occasions

Chopaati
VEGETARIAN CUISINE
Where Every Bite is Special
South Indian, North Indian, Gujarati & Chaat

EVERYDAY LUNCH BUFFET
11:30 - 3:00 PM
WEEKEND LUNCH & DINNER BUFFET
12:00 - 9:30 PM

Dinner Thali Special $6.95
Mon-Fri
5:00 - 9:30 PM

DONORS & SPONSORS

As of September 27, 2016 (alphabetic by last name):

Banerjee, Gauri & Sailendra
Banerjee, Kasturi & Ayan
Basar, Nayeem
Basu, Mala & Pradip
Bhattacharya, Mausumi & Joy
Bhaumik, Dharmajyoti
Bose, Nita & Sujit
Chakrabarty, Anil
Chakrabarty, Rabi & Soma
Chakraborty, Gargi & Kishore
Chakravorty, Hari
Chakravorty, Rita
Chatterjee, Debi & Manas
Chattopadhay, Durba & Soumitra
Chaudhuri Ray, Shrimita & Aniya
Das, Sankha
Das, Shyamali & PK
Datta, Swarna
De, Shambhu
De, Soma & Dibyendu
Deb, Jaita & Avro
Debnath, Pranati & Sudhir
Dhar, Sheuli & Arup
Dutta, Papiya & Chandan
Ganguli, Sanjoy
Gautam Kar, Kalyani & Raja
Goswami, Anuva & Manas
Guhathakurta, Anupa & Abir
Gupta, Shanta & Kirit
Gupta, Subhadra
Majumder, Dimple & Parimal
Modi, Girish
Mandal, Shukla & Umashankar
Mukherjee, Saswati & Partha
Nath, Chaitali & Subhankar
Pandit Giri
Paul, Debarati & Shantanu
Paul, Mamata & Mridul
Rakhit, Ria & Ananda
Reshma Gupta Williams & Poul Williams
Roy, Anjali & Subrata
Roy, Poly & Badal
Roy, Samit
Roy, Sid K
Sarker, Moitri & Ashoke
Sen, Munmun & Raktim
Senupta, Ruma & Shankar
Talukder, Kasturi & Niranjan
Tapaswi, Nabanita & Arindam
Thakurta, Anupa & Abir
&
Donors who wish to remain anonymous.

Thank you donors for your supports!
- EC-2016

BAGA VOLUNTEERS

Thank you, BAGA Volunteer! We would be nowhere without you.

Abir Thakurta
Ahona Chatterjee
Amit
Amartha
Anirban Majumder
Angshuman Guin
Anuradha Chakraborty
Anuva Goswami
Arijit Choudhury
Arindam Choudhury
Arindam Tapasw
Arpita Deb Guptai
Arup Dhar
Ashoke Sarker
Avishek Ghosh
Avro Deb
Bharat Barua
Bhaska Mitra
Biplab Chandra
Bishan Chandra
Chaitali Nath
Chandrima Roy
Debarati Paul
Debatirtha
Debu Basu
Devjani Purkayastha
Dibyendu De
Dimple Majumder
Dipankar Roy
Dharmajuoti Bhaumik
Durba Chatterjee
Ganesh Deka
Gargi Chakraborty
Indranil Chowdhury
Jayashree Guin
Jayita Deb
Joy Bhattacharya
Kajari Mondal
Kaushik Basu
Kumkum Dalapati
Mamata Paul
Manas Chatterjee
Mausumi Bhattacharya
Mousumi Carenjee
Moitri Sarker
Monamee Adhikari
Mridul Paul
Munmun Sen
Nabanita Tapaswi
Nita Bose
Papiya Datta
Parul Deka
Pragya Basu
Raktim Sen
Ranjita Betarbet
Reshmi Mukherjee
Ria Rakhit
Ruma Sengupta
Rudrasankar
Rupa Mukherjee
Sandeep Betarbet
Sanjib Banerjee
Sanjib Gupta
Santanu Paul
Saswati Mukherjee
Sharmistha Dutt
Sheuly Dhar
Shubhra Nag
Sidartha Bhomick
Soma De
Soumen Ghosh
Somesh Karenjee
Sreerupa Banerjee
Subarna Chandra
Subhadra Gupta
Subhankar Nath
Subroto Majumdar
Sudeep Kundu
Sujit Bose
Sumana Goswami
Surajit Roy
Swarna Dutt

করালীর পুনরাবির্ভাব

আলোলিকা মুখোপাধ্যায়, ওয়েইন, নিউ জার্সি

আবার করালী দখলদার। প্রায় দু যুগ আগে সে ছিল নিউ জার্সির স্বেচ্ছা নির্বাচিত সমাজপতি। কিন্তু "সাগরিকা" ক্লাবের প্রেসিডেন্ট হয়ে ভরাডুবি হবার পর দীর্ঘদিন ঘাপটি মেরেছিল। স্টেজে কোরাস গাওয়া বন্ধ। নাটকে সাইড রোলে রাজি হয় না। দুর্গা পুজোয় বিসর্জনের বাজনার সঙ্গে দুলকি চালে নাচেনা। ম্যাগাজিনে প্রেমের কবিতা লেখা ও ছেড়েই দিয়েছে। করালীর এইসব অনীহার কারণ জানতে চাইলে বিরাগ বদনে উত্তর দেয় - কালচারে আলসার।

হঠাৎ কী যে হল, করালী যেন ঘুম থেকে জেগে উঠল। অনেক বছর পর, "বঙ্গ উৎসবের" কমিটির মিটিঙে হাজির হল। হালচাল বুঝে নেবার চেষ্টায় ছোট ছোট মিটিঙে ও চা, সামোসা খেতে খেতে উৎসবের নানা সাব কমিটির ভবিষ্যৎ কর্মসূচির খবরাখবর নিতে থাকল। তার মনে হল উচ্চ পদ নিয়ে ব্লাড প্রেশার বাড়ানোর চেয়ে সাব কমিটিতে থাকাই বুদ্ধির কাজ। বিনে পয়সায় সাব স্যান্ডুইচ দিয়ে উইকএন্ডের লাঞ্চ খেতে খেতে দুটো ছোট কমিটিতে ঢুকে পড়ল। ওভারসিজ পারফর্মিং আর্টস এবং ভেন্ডার এন্ড স্টলস।

ওভারসিজ পারফর্মিং আর্টস ব্যাপারটা বেশ ব্যাপক। কমিটিতে থেকে তুমি সাংস্কৃতিক সদস্য হতে পার, আবার শ্রমিকও হতে পার। মানে সিলেকশন কমিটিতে থেকে লকেট চ্যাটার্জী আসবে না পাওলি দাম আসবে এসব সিদ্ধান্ত নিতে পার অথবা, শ্রমিক হয়ে কমিটিতে ঢুকলে আর্টিস্টদের ভারি ভারি বাজনাবদ্যি নিয়ে প্রচুর মাল ঠেলাঠেলির গুরু ভারে নিয়োজিত থাকতে পার।

কিন্তু করালী বুঝতে পারছিল কালচারে তার যথেষ্ট আগ্রহ আর অভিজ্ঞতা থাকা সত্ত্বেও বঙ্গ উৎসবের সাংস্কৃতিক কমিটি তাকে দলে নিচ্ছে না। অগত্যা সে শ্রমিক দলেই নাম লেখাল। শ্রমের মর্যাদা কি ভাবে পেতে হয় তার একটা ফর্মুলা ভেবে রাখল। তার মগজে এখন নানান পরিকল্পনা। উৎসবের আগে কলকাতায় গিয়ে পকেটের পয়সা খরচ করেই একবার পেন্ডেন্ট মুখার্জির সাক্ষাৎকার নেবে। তখনই নিউ ইয়র্কের এয়ারপোর্টে কটা সুটকেস টানতে হবে জেনে নেবে। সে সন্তোষী মায়ের ব্রত পালন করে জানলে বঙ্গ উৎসবের শুক্রবারে তাকে টক ছাড়া রান্না করে খাওয়াবে। পূর্ব অভিজ্ঞতা অনুযায়ী করালীর বৌ মুখঝামটা দিলেও এ কাজে সে সাহায্য করবে। কলকাতার টেলিভিশনের কোন লোকজনকে করালী বিশেষ চেনে না। "নক্ষত্র বাংলা" চ্যানেলে নিউ ইয়র্ক আর হিউস্টনের কত কর্মকর্তাদের সাক্ষাৎকার দেখা গেল। করালীকে আর কে ডাকবে? তার চেয়ে "বর্তমান" কাগজের নীহারিকাদিকে ধরে শেষে হয়ত পেন্ডেন্ট মুখার্জির সঙ্গে প্রাক বঙ্গ উৎসবের সাক্ষাৎকারটা বেরিয়ে আসতে পারে। নীহারিকাদির দৌলতে এই পত্রিকায় কত বাঙালির ছবি ছাপা হয়েছে। করালীর "ব্যাপিকা বিদায়" নাটকের ছবিটা একবার কান ঘেঁষে বেরিয়ে গিয়েছিল। দলের ঠেলাঠেলিতে একবারে উইংসের পাশে দাড়াঁনোর ফল। যাক, এবারের ছবিতে শুধু থাকবে ও আর পেন্ডেন্ট!

একদিকে ওভারসীজ আর্টিস্ট, অন্যদিকে ভেন্ডারদের লিস্ট বগলে করালী শীতকালে প্লেনে চড়ে বসল। ননস্টপ ফ্লাইটে ননস্টপ পরিকল্পনা। কলকাতায় পৌঁছে করালী বাহারি চুড়িদার কুর্তা কিনল। বঙ্গ উৎসবের জন্যে বেঙ্গল ক্লাবের "কিক অফ নাইট"। কালচারের ফুটবলে প্রথম লাথি মারা উপলক্ষ্যে উৎসবের কর্তাব্যক্তিদের নেমন্তন্ন পেয়ে সেলিব্রিটি, উপমন্ত্রী, অপমন্ত্রী, থেকে শুরু করে লেখক, সাংবাদিক, বিজনেস ম্যাগনেট, কে না আসবে? যথারীতি করালীও যাবে। কারণ, এ ব্যাপারে উৎসব কমিটি খুবই উদার। একবার তো আহুত, অনাহুত, রবাহুত মিলিয়ে এমন লোক জড়ো হয়ে গিয়েছিল যে গঙ্গার ওপর ভাসমান রেস্তোঁরা থেকে এক প্রেস ফটোগ্রাফার জলেই পড়ে গিয়েছিল।

করালী রবাহুত নয়। দু দুটো কমিটির শ্রমিক। চুড়িদার কুর্তার সঙ্গে কাঁধে শাল চাপিয়ে কিক অফ নাইটে এল। সঙ্গে তসর সিল্কের এপ্লিকের শাড়ি পড়া বৌ। লোক গিজগিজ ব্যাঙ্কোয়েট হলে আমেরিকার বেশ কয়েকজন চেনামুখ। কিন্তু করালী যাকে খুঁজছে "তার দেখা নাইরে, তার দেখা নাই"। একটু খোঁজ নিতেই জানা গেল যে পেন্ডেন্ট ব্যাংকক চলে গেছে ছবির শুটিংয়ে। কিন্তু মেঘ না চাইতেই জল। "তিসরি কসম" ছবিতে রাজ কপূর যেমন প্রথমবার ওয়াহিদা রেহমানকে দেখে ফিসফিসিয়ে বলেছিল, "আরে, ইয়ে তো পরী হ্যায়!", করালীর চোখের সামনে ঋতুঝর্নাকে দেখে সেই রকমই রিএকশন হল। অথচ নায়িকার ধারে কাছে যাওয়া যাচ্ছে না। বঙ্গ উৎসবের দুই চেয়ারম্যান দুই পাশে বৌ নিয়ে মাঝে ঋতুঝর্নাকে বসিয়ে "পার্মানেন্ট প্রেস"। টিভি আর প্রেস লাগাতার ছবি তুলে যাচ্ছে, করালী কয়েকবার "এক্সকিউজ মী" বলতে বলতে যদি বা ঋতুঝর্নার কাছে পৌঁছল, কিন্তু কথা বলার চান্স নিল না। নিজের পরিচয় দেওয়ার আগে হঠাৎ নিজের বদখৎ নামটা ভেবে সরে পড়ল। এ একধরনের "আইডেন্টিটি

www.baga.net

ক্রাইসিস" - এই বিকট নামের বোঝা বহন করার জন্যে দায়ী হলেন ওর ঠাকুর্দা। তুমি কালীভক্ত ছিলে দ্যাটস ফাইন, কিন্তু কালীপুজোর দিনে নাতি জন্মাল বলে তার নাম "করালী প্রসাদ" রাখার কি রাইট ছিল তোমার? মা, বাবাও তেমনি। এ হুকুম মেনে নিল? এখন কেউ শুনবে? করালীর মেয়ে পিঙ্কির নাম কেউ যদি "বগলা" রাখতে চাইত, ওরা কি রাজি হত? শেক্সপিয়ার যাই লিখে থাকুন, বদখৎ নাম হলে খুবই ক্ষতি হয়। করালীর নাম শুনে এক সময় দুটো মেয়ে ফোনেও প্রেমালাপ চায়নি। নেহাৎ সম্বন্ধ করে বিয়ে আর ওর চেহারাটা কালীঠাকুরের স্বামীর মত হ্যান্ডসাম বলেই বৌ মুগ্ধ হয়েছিল। এখন তো চেহারার সেই জৌলুসই আর নেই। ঋতুঋর্না ফিরেও তাকাল না। সাক্ষাৎকারের ভাবনা ছুঁড়ে ফেলে দিয়ে করালী ভেন্ডারদের সঙ্গে আলাপ-টালাপ করল। দু-তিনজন নাট্যকারের কাছে আত্ম পরিচয় দিয়ে তাদের নাটকের খবর নিল।

তারপর গিয়ে খাবারের লাইনে দাঁড়াল। কোথায় বিরিয়ানি, কোথায় রেজালা? স্যান্ডুইচ ও নিরামিষ। সঙ্গে পালংয়ের বড়া আর পেঁয়াজি। এটা নাকি ডিনার পার্টি নয়, ছাতামাথা দিয়ে ককটেল পার্টি। তা ঠিক আছে। বিনে পয়সার ভোজ তো বটে। করালীর ইচ্ছে হল, স্পনসরদের বলে, একবার আমেরিকা এসে দেখে যান মশাই, ওখানে ককটেল আওয়ারে কত রকম স্ন্যাক্স সার্ভ করে। করালী লোভী নয়, কিন্তু বঙ্গ উৎসবের প্রথম লাখিমারা পার্টিতে ঘুরে ঘুরে শাকের বড়া ও ক্ষুদিরামের সাইজের তেকোনা স্যান্ডউইচ? বলরামের সন্দেশও তো রাখতে পারত। বাড়ি ফেরার পথে করালী চাইনীজ টেক আউট নিয়ে যেতে চাইছিল। কিন্তু বৌ রাজি হল না। পার্টিতে টুকরো টুকরো কেক, পেস্ট্রি খেয়ে নাকি ওর পেট ভরে গেছে। রাগে গজগজ করতে করতে করালী একবাক্স হাক্কা চাউমিন কিনে বাড়ি এসে খেতে বসে গেল। মাথায় তখন অন্য ফন্দিগুলো খুব পাক খাচ্ছে।

শ্রমিকের প্রথম কর্তব্য কিছু নাটক দেখা। শোনা যাচ্ছে, বিখ্যাত যে দুটো দল নাটক নিয়ে বঙ্গ উৎসবে আসবে, তাদের নাকি বিরাট কাস্টিং। এত লোকের প্লেন ভাড়া দেওয়া যাবে না, তাই আমেরিকার কিছু লোকাল ট্যালেন্টদের নিতে হবে। সেই রকমই চেষ্টা চলছে। নিজের অভিনয় ক্ষমতার ওপর করালীর বিরাট কনফিডেন্স। সেই প্রস্তাব নিয়ে আর ফোকটে দু'তিনটে নাটক দেখার জন্যে ও নাটকের পরিচালকদের ফোন করল। আমেরিকার বঙ্গ উৎসবের অন্যতম কর্মকর্তা বলে পরিচয় দিয়ে হলের সামনের সারিতে বসে তিন তিনদিন নাটক দেখল। তারপর কর্মকর্তাদের নিজের সেল ফোন নাম্বার, ই-মেল্ এড্রেস দিয়ে এল। পরিচালকদের বুঝিয়ে এল - ওখানে স্টেজ ম্যানেজমেন্টে তো আমাকে থাকতেই হবে। দরকার হলে কন্টাক্ট করবেন, আর আগে স্ক্রিপ্টটা দিয়ে দেবেন। ছোটখাট রোল ম্যানেজ করে দেওয়াটা উড বি নো প্রব্লেম।

করালীর পরবর্তী অভিযান ছিল ভেন্ডার এন্ড স্টল ম্যানেজমেন্ট কমিটির প্রতিনিধি হিসেবে দোকানে দোকানে ঘোরা। শাড়ি, গয়নার দোকানে, নানা ধরনের বুটিক স্টোরে বেশ খাতির পাওয়া গেল। গয়নাগাঁটি কেনার ব্যাপারে করালী বরাবরই আপত্তি জানায়। বঙ্গ উৎসবের প্রতিনিধিকেও এই সব নামি-দামি হিরে-জহরতের দোকানগুলো খুব ডিসকাউন্ট দেবে? তারা তো আমেরিকায় যাওয়ার কন্ট্রাক্ট আগেই পেয়ে গেছে। তাই বিমুগ্ধ নয়নে শো-কেসের দিকে চেয়ে থাকা বৌকে তাড়া দিয়ে, দামি কাপে দামি চা খেয়ে করালী দোকানের মালিককে নমস্কার জানিয়ে বেরিয়ে এল। পাশের একটা পানের দোকানে তখন "না মাঙ্গু সোনা চান্দি, না মাঙ্গু হীরা মোতি," এই গানটা হচ্ছে।

একটা বুটিক স্টোরে বরং দুটো শাড়িতে একটু ডিসকাউন্ট দিল। তসর সিল্ক আর কপালে মস্ত টিপ পরা মিষ্টি মুখের মহিলা অনুরোধ করলেন, - "দাদা, অনেক টাকা স্টল ভাড়ার জন্যে দিচ্ছি। তার ওপর প্লেন ভাড়া। ওখানে ভাল বিক্রি হবে তো?"

করালী খুব বেশি ভরসা দিল না। এক একবার বঙ্গ উৎসবের শেষে ভেন্ডারদের হা-হুতাশ, রাগারাগি ও স্বচক্ষে দেখেছে। একগাদা ডলার খরচ করে এসে যদি বিক্রিবাটা ভাল না হয় রাগ তো হবেই। তবুও এই মহিলাকে উৎসাহ দিয়ে করালীর বৌ বলল, - "আপনার ডিজাইন গুলো তো ইউনিক, দেখবেন প্রচুর বিক্রি হবে।" আমাদের চেনাজানা সকলকে এখন থেকেই বলে রাখব আপনার স্টল-এ যেতে। বুটিকের মহিলা "অনেক ধন্যবাদ" বলে আরও কিছু বিজনেস কার্ড ধরিয়ে দিলেন। কিন্তু চা, কফি, কিছু দেয়নি বলে করালী সামান্য হতাশ হল।

নেক্সট ট্রিপ "ক্ষুদিরাম মোদক মিষ্টান্ন ভান্ডার"। কিক অফ মিটিঙে করালী শুনেছিল এই প্রথম বঙ্গ উৎসবে বাঙালির মিষ্টির দোকান থাকবে। ক্ষীরকদম্বের পাশাপাশি উৎকৃষ্ট রাবড়িও বিক্রি হবে কিনা জানার জন্যে করালী ক্ষুদিরামের দোকানে ঢুকল। আমেরিকান উৎসবের প্রতিনিধি শুনে একজন লোক খুব খাতির করে টিনের চেয়ারে বসাল। "কি মিষ্টি খাবেন বলুন", জিজ্ঞেস করাতে করালী হাত নেড়ে বলল, - "না, না, এখন এই অবেলায় আর মিষ্টি, টিষ্টি নয়। তবে ভাল রাবড়ি থাকলে দিতে পারেন। সেটা টেস্ট করে দেখি। নববেঙ্গলির মিষ্টির দোকানের রাবড়ি তো মুখে দেওয়া যায় না। আপনাদের রাবড়িতে নিশ্চয় ব্লটিং পেপারের মতো মোটা মোটা দুধের সর থাকবে। বঙ্গ উৎসবের মিষ্টি-টিষ্টি রেফ্রিজারেশনের ব্যাপারটাও তো আমাকেই দেখতে হবে।"

লোকটা ঘাবড়ে গিয়ে বলল, - "বেলা বারোটার পর তো দোকানে রাবড়ি আর থাকে না স্যার। তাড়াতাড়ি বিক্রি হয়ে যায়। লাল দই দেব? সঙ্গে নতুন গুড়ের রাজহাঁস সন্দেশ? হাঁসের পেটে নলেন পয়রা গুড়?"

করালী পরীক্ষকের মতো মনোযোগ দিয়ে দুটোই সাবাড় করল। তারপর চক্ষুলজ্জায় (ক্ষুদিরামের দোকানি আর নিজের বৌয়ের কাছে) এক ভাঁড় লাল দই কিনে বাড়ি ফিরল।

বৌয়ের কাছে পরীক্ষকের ভূমিকাটা ভাঙল না। সে ইদানিং করালীকে এ সব সুযোগ নিতে বারণ করে। একদিন "দুটি পাতা একটি কুঁড়ি" নামে এক চা ব্যবসায়ীর শো রুমে গিয়ে ওরা কয়েক কাপ সুগন্ধী চা খেয়েছিল। ঐ কোম্পানি বঙ্গ উৎসবে স্টল দেবে। মালিক করালীকে এক বাক্স "দুটি পাতা

www.baga.net

একটি কুঁড়ি" উপহার দেওয়ার সময় বলেছিল, - "দেখবেন মশাই, ওখানে যেন ইলেকট্রিক টি পট থাকে। করালীর মনে হল, এ নিশ্চয় চা বাগানের মালিকের আত্মীয়। করালীকে মিষ্টির দোকানের লোকটার মত "স্যার" না বলে "মশাই" বলল। কথার ভঙ্গিতে যেন তাচ্ছিল্যের ভাব। ঠিক আছে। ইলেকট্রিক টি পট জ্বলবে কিনা, ও সব ফালতু তদারকির ভার করালী দখলদারের জন্যে নয়। "দুটি পাতা একটি কুঁড়ি"-র বাক্স বুকে নিয়ে রাস্তায় নামতেই করালীর বৌ ধমকেছিল, - "আর এরকম দোকানে দোকানে ঘুরবে না।"

করালী-ও আর ঝুঁকি নেবে না। ক্ষুদিরামের মিষ্টান্ন ভান্ডারের ওরা ওর দই সন্দেশ খাওয়ার একটা ছবি তুলতে চাইছিল। আমেরিকার মিষ্টির স্টলে বিজ্ঞাপনের মতো রাখবে বলে। করালী গাল ভর্তি সন্দেশ নিয়ে সে ছবি তোলা আটকেছে। পাগল! আসল কর্মকর্তারা যদি প্রমাণ পায় করালী তাদের ছদ্ম পরিচয় দিয়ে ক্ষুদিরামের পয়োধি আর রাজঁহাস খেয়েছে, লজ্জার শেষ থাকবে না। ক্ষমতার অপব্যবহারের অপরাধে ওর বিরুদ্ধে ডিসিপ্লিনারি অ্যাকশন-ও নিতে পারে। কাঁকড়ার জাত বাঙালিকে বিশ্বাস নেই। "সাগরিকা" ক্লাবের প্রেসিডেন্ট হয়েছিল। তখন কত কুচুটে বাঙালির সঙ্গে যে লড়তে হয়েছিল! যাক, সে সব অপ্রিয় স্মৃতি করালী মনে রাখতে চায় না। সামনেই বঙ্গ উৎসব। তিনটে দিন আনন্দে কাটবে।

আনন্দ পাওয়ার মতো খবর-ও এল। কলকাতার "দর্পণ" নাট্যগোষ্ঠীর পরিচালক বঙ্গ উৎসবে "বন্দীবীর" নাটকে একটা ছোট রোলে করালীকে একটা ভূমিকায় অভিনয় করতে বলেছেন। ও প্রথমে ভেবেছিল, রবি ঠাকুরের "বন্দীবীর", ওকে নিশ্চয় 'বেণী পাকাইয়া শিরে' সর্দারজী সাজতে হবে। পারে জানল যে তা নয়। জেলের কয়েদিদের নিয়ে একটা নাটক। করালী কয়েদি সাজবে। এক টুকরো ডায়ালগ ও একটা গ্রুপ ড্যান্স আছে। কয়েদিদের নাচ করালী "মুক্তধারা" সিনেমায় দেখেছে। ওই নাটকের নাচের গানটাও রবীন্দ্র সংগীত। গরাদের আড়ালে সমবেত নৃত্য "হারে রে রে রে, আমায় ছেড়ে দেরে দে রে।" পরিচালক দৃশ্যটার ভিডিও পাঠিয়েছেন। করালী রাজি হল। সারা বছর উইকএন্ডের পার্টিতে ভাংড়া নেচেছে। বঙ্গ উৎসবে অভিনয়ের জন্যে একটা নাচ আর এমন কি ব্যাপার! করালী ভিডিও দেখে দিব্যি রিহার্সাল দিচ্ছে।

বঙ্গ উৎসব শুরু হওয়ার আগের দিন ওভারসীজ পারফর্মিং আর্টস এর শ্রমিক হিসেবে করালীরা কয়েকজন মিলে কেনেডি এয়ারপোর্টে আর্টিস্টদের আনতে গেল। সিনেমা থিয়েটারের দল, নাচ গানের আর্টিস্ট, তাদের মিউজিক হ্যান্ডস, লেখক, ভেন্ডারদের নিয়ে বিশাল বাহিনী পিলপিল করে বেরিয়ে আসছে। তিনটে বাস ভর্তি লোক হোটেলে যাবে। করালী অবশ্য নিজের গাড়ি নিয়ে গেছে। হয়ত ঋতুঝর্না বাসে উঠতে রাজি হবে না। তখন করালী ওকে নিজের গাড়িতে নিয়ে যেতে পারবে।

কিন্তু হঠাৎ কি যে ঘটল! একটি কমবয়সী ছেলে লাউঞ্জে বসে পড়ে বমি করতে শুরু করল। পেটের যন্ত্রণায় মাটিতে উপুড় হয়ে পড়ে আবার বমি। ওর সঙ্গীরা অসহায় মুখে ওকে ঘিরে ধরেছে। একজন করালীদের বলল - "প্লেন থেকেই পেটের যন্ত্রণা শুরু হয়েছে, আপনারা প্লীজ একটু হেল্প করুন। এখানে ডাক্তার ডাকা যাবে না?"

জানা গেল ছেলেটির নাম গোরা। মিউজিক হ্যান্ড হিসেবে ড্রাম বাজাতে এসেছে। করালীর হঠাৎ মনে হল এয়ারপোর্ট অথরিটিকে খবর দেবার আগে ৯১১ কল করা দরকার। ছেলেটি যন্ত্রণায় প্রায় নিস্তেজ হয়ে পড়েছে। এয়ারপোর্ট অথরিটির লোকজন এসে পড়েছে। তারাই ৯১১ কল করছে। এম্বুলেন্স আর পুলিশ আসতে দেরি আছে। স্ট্রেচারে প্যারামেডিকরা যখন গোরাকে তুলেছে, তখন কলকাতা থেকে আসা পুরো দল প্রায় রাস্তায় বেরিয়ে এসেছে। কয়েকজন ভয়ার্ত মুখে জানতে চাইছিল ওরা গোরার সঙ্গে যেতে পারে কিনা। করালী ঐ দলের সমীর নামের একজনকে নিজের গাড়িতে তুলে নিয়ে এম্বুলেন্সের পেছন পেছন রওনা দিল। বাকি সবাইকে বাসে তুলে দিয়ে অন্য কয়েকজনকে হোটেলের দিকে রওনা করাল। দ্যা শো মাস্ট গো অন।

কুইন্স এর "জ্যামাইকা হসপিটালের" এমার্জেন্সি রুমে পৌঁছে করালী দেখল গোরাকে নার্সরা দেখাশোনা করছে। একটু পরে ডাক্তার এসে করালীর সঙ্গে কথা বলার পর যন্ত্রণা আর বমি বন্ধের ওষুধ দিয়ে পেটের আল্ট্রাসাউন্ড করতে পাঠালেন। করালীর পক্ষে এখন হাসপাতাল ছেড়ে যাওয়া সম্ভব নয়। বঙ্গ উৎসবের চেয়ার পার্সনদের সঙ্গে ফোনে কথা বলার পর সে একটু নিশ্চিন্ত হল। তার কারণ কমিটি থেকে আর্টিস্টদের জন্যে এক মাসের হেল্থ ইনস্যুরেন্স করানো হয়েছে। হাসপাতালে থাকার খরচ পাওয়া যাবে। করালী বৌকে ফোন করে সব পরিস্থিতি জানিয়ে বলল - "আজ কখন ফিরতে পারব জানিনা, কাল থেকে ম্যারিয়ট রিজার্ভ করা আছে, তুমি সময় মত পৌঁছে গিয়ে চেক ইন কোর। ওপেনিং সেরেমনিতে আমি থাকতে পারব কিনা জানি না।"

বৌ বলল, - "সে কি? তুমি কাল আবার হাসপাতালে যাবে?"

করালী বলল, "এখনই কিছু বলতে পারছি না। ছেলেটার কী হয়েছে আগে জানা যাক, ওকে এই অবস্থায় একা ফেলে যাব কি করে?"

আল্ট্রাসাউন্ডে গোরার গল ব্লাডারে স্টোন ধরা পড়েছে আর রক্তে ইনফেকশন। পারের দিন সকালে সার্জারি হবে। করালী অনেক রাতে বাড়ি ফিরে ভোরবেলা সার্জারির সময় মতো হাসপাতালে চলে গেল। বঙ্গ উৎসবের চেয়ার পার্সনরা জানালেন গোরার জন্যে আর্টিস্টরা খুব উৎকন্ঠায় রয়েছেন। কিন্তু সন্ধ্যেবেলায় ওপেনিং সেরেমনি। তাদের কাউকে হাসপাতালে পাঠাবার সময় থাকবে না। করালী যেন গোরাকে একটু বুঝিয়ে বলে।

www.baga.net

করালী অপারেশন রুমের কাছে ওয়েটিং রুমে বসে ভাবছিল গোরার যেন কোন কমপ্লিকেশন না হয়। বিদেশ বিভূঁইয়ে একটা ছেলে অসহায়ের মতো হাসপাতালে পড়ে আছে। সার্জারিটা ভালয় ভালয় হয়ে গেলে গোরাকে রিকভারি রুমে দেওয়ার পর ওর বন্ধুদের জানাতে হবে। ওর বন্ধু সমীরকে কালই নিউ ইয়র্কে পোর্ট অথরিটির বাসে তুলে দিয়েছে। সে গীটার বাজায়। তাকে তো মিউজিসিয়ানদের সঙ্গে বাজাতেই হবে।

গোরার অপারেশন হয়ে যাওয়ার পর সার্জনের সঙ্গে করালী কথা বলল। তিনি বললেন, রুটিন সার্জারি। যদি কোন কমপ্লিকেশন না হয়, গোরাকে তিনদিনের মধ্যেই ছেড়ে দেওয়া হবে।

জ্ঞান ফেরার পর গোরাকে একটা সেমি প্রাইভেট রুমে শুইয়ে রেখেছে। তখনও ঘুম ঘুম ভাব রয়েছে। চোখ খুলে কাউকে খোঁজার চেষ্টা করছে। করালী ঝুঁকে পড়ে ওর কপালে হাত ছুঁইয়ে সামান্য হাসল - "তুমি ভাল হয়ে গেছ। পেট থেকে থলি সুদ্ধ সব কত স্টোন বার করে দিয়েছে। বোধহয় পরশু ছেড়ে দেবে।"

গোরা যেন ঘোরের মধ্যেই বলতে চেষ্টা করল, - "কোথায় যাব?"

করালী আশ্বাস দিল, - "আমাদের বাড়িতে। ফাংশানে তো আর ড্রাম বাজানো হবে না। এখন তোমার কয়েকদিন রেস্ট দরকার। তারপর কলকাতা ফিরে যাবে।"

গোরা চোখ বন্ধ করে কিছু ভাবছে। করালী বলল, "ব্যাথা শুরু হলে নার্সদের বলবে। ওরা ইনজেকশন দেবে। আমি বিকেল পর্যন্ত আছি। তুমি কেমন থাক জেনে বাড়ি যাব।"

বঙ্গ উৎসবের ওপেনিং সেরেমনিতে করালীর যাওয়া হল না। পরের দিনও নয়। কারণ গোরার জ্বর এসেছিল। এ অবস্থায় ওকে ফেলে চলে যেতে ভরসা হল না। এদিকে "বন্দীবীর" নাটকে কয়েদি সেজে "হা রে রে রে রেরে" নাচের জন্যে পরিচালক নাকি ওকে খুঁজছেন। করালী ফোনে বৌকে জানিয়ে দিল, - আমি আপাতত হাসপাতাল ছেড়ে যেতে পারছি না।"

www.baga.net

Saraswati Puja
2016


BAGA
Navin Boron Day
March 5, 2016

Milan Mela - 2016
Photo: Girish Modi

Photo: Girish Modi

Photo
Girish Modi

Photo: Girish Modi

Milan Mela - 2016

Photo: Girish Modi

Photo: Girish Modi

Photo: Girish Modi

Milan Mela - 2016
Photo: Girish Modi

PICNIC 2016 at Buford Dam

Index

List of Advertisements

NES Rental Holdings : Front Inside
SCI-COM Infrastructure services : 2
Advanced Accounting : 3
Bilal Halal Meat and Grocery : 3
Patel Brothers : 4
Chat Patti : 18
Poornima : 18
Star Bucks : 18
Poona Resturant : 23
Badal Roy and Family : 24
North Fulton ENT : 25
Cherian : 28
Global Mela : 34
Atlanta Dental Arts : 38
Bengal Store & Halal Meat : 38
Arakan Wireless : 38
Al Amin : 39
Deb Grocery : 39
Georgia Halal Meat : 42
Tava Grill : 42
Arefin Babaul : 45
Madras Chettinad : 45
Bangladeshi Grocery Plus : 46
Maya Creations : 46
Quazi Anwar (Real Estate) : 46
Richard Schmidt (State Farm) : 46
Deshi Travels (Russel) : 47
Wright Orthodontics : 47
Dan Sturges CFP : 48
Maaco : 48
Story books by Rabindra Chakraborty : 53
Accurian Agency : 54
India Plaza : 54
UPS Store : 54
American Family (Rahman Agency) : 55
Creekview Pediatrician : 55
Health Market : 56
C2 Education : 64
Land and Cruise Vacations : 64
Kumon : 65
Montessori Unlimited : 65
Alpha Medical Clinic : 66
Gokul Sweets : 67
A to Z Electronics : 73
Print & Sign : 73
Mirch Masala : 74
SKA Academy : 75
State Farm (Glen Monroe) : 75
Yajna Parivar (Pandit Giri) : 75
Rahul Creations : 76
Vijaya Collections : 76
High Glow : 77
My ePal : 83
Blue Ocean Wealth Solution : 84
MetLife : 91
Touch of India 93
Chopaati : 93
Aliance Group - TAG : 104
Sagepath : Back Cover 104



TAG

The Alliance Group

Insurance Services Since 1990

Your Future. Our Insurance: A Lifelong Relationship.
Backed by the Best Brands.

Encompass
KEMPER
The Hartford Financial Services Group
BHHC
PROGRESSIVE
FOREMOST INSURANCE GROUP
TRAVELERS
Johnson & Johnson
Utica National Insurance Group
Allied Insurance
US Assure
Burns & Wilcox
DHIA
AIG
CHUBB
CHARTIS
Fireman's Fund Insurance Company
A company of Allianz
HAGERTY CLASSIC CAR INSURANCE
Safeco Insurance. A Liberty Mutual Company
tapco

Contact: Tyson Jones
Commercial & Personal Lines Agent, The Alliance Group, Inc.

399 Washington Ave NE,
Marietta, GA 30060

Cell: 678-855-2229
Direct: 770-752-7335
Email: tjones@taginsurance.com

Web: http://www.taginsurance.com

Back Cover Inside

A Digital Experience Agency

SAGEPATH

sagepath.com

Back Cover